# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Jaistha 08, 1433 Bangla, May 22, 2026, Friday, No. 139, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has visited the family of slain child Ramisa Akter at their residence consoling her grieving parents. He has assured Ramisa's family of a speedy trial and a fair investigation. (BBC: 03)

Tarique Rahman has also taken responsibility for the education and future support of Ramisa's elder sister, Raisa Akter. (BBC: 03)

Home Minister Salahuddin Ahmed has said exemplary punishment will be ensured in the shortest possible time in the brutal rape & murder case of Ramisa Akter in Dhaka's Pallabi area. (BBC: 03)

Law, Justice & Parliamentary Affairs Minister has directed authorities to submit the investigation report within 7 days in the case filed over the rape & murder of Ramisa Akhtar. (Jago News: 13)

BNP Secretary General Mirza Fakhrul Islam has said recent rapes, child abuse & murders are not isolated incidents; but reflections of long-term moral decline & erosion of human values. (R. Today: 19)

Bangladesh has laws to prevent child rape & murder, but no specific comprehensive law to prevent sexual harassment. According to experts, strict punishment, awareness & social resistance must be strengthened. (BBC: 08)

Information and Broadcasting Minister said that the government has started the work of forming a 'Mass Media Commission' to ensure press freedom. (R. Today: 20)

CEC AMM Nasir Uddin has said the Election Commission's main goal is to hold violence-free local government elections without bloodshed. (R. Tehran: 12)

The possibility of Awami League returning to politics has come under renewed discussion as Sheikh Hasina recently signaled her intention to return to Bangladesh in Indian media. (BBC: 06)

Seven more children died in country due to measles and measles-like symptoms in last 24 hours, raising total outbreak death toll to 488. (BBC: 04)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
| --- | --- | --- |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**জ্যৈষ্ঠ ০৮, বাংলা ১৪৩৩, মে ২২, ২০২৬, শুক্রবার, নং- ১৩৯, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান নিহত শিশু রামিসা আক্তারের বাসভবনে গিয়ে তার শোকাহত বাবা-মাকে সান্ত্বনা দিয়েছেন। তিনি রামিসার পরিবারকে দ্রুত বিচার ও সুষ্ঠু তদন্তের আশ্বাস দিয়েছেন। (বিবিসি: ০৩)

তারেক রহমান রামিসার বড় বোন রাইসা আক্তারের পড়াশোনা ও ভবিষ্যৎ ভরণ-পোষণের দায়িত্বও নিয়েছেন। (বিবিসি: ০৩)

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, ঢাকার পল্লবী এলাকায় রামিসা আক্তারের নৃশংস ধর্ষণ ও হত্যা মামলায় স্বল্পতম সময়ে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে। (বিবিসি: ০৩)

রামিসা আখতারের ধর্ষণ ও হত্যার ঘটনায় দায়ের করা মামলার তদন্ত প্রতিবেদন ৭ দিনের মধ্যে জমা দিতে কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী। (জাগো নিউজ: ১৩)

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম বলেছেন, সাম্প্রতিক ধর্ষণ, শিশু নির্যাতন ও হত্যাকাণ্ডগুলো বিচ্ছিন্ন নয়; এগুলো দীর্ঘদিনের নৈতিক অবক্ষয় ও মানবিক মূল্যবোধের পতনের প্রতিফলন। (রে. টুডে: ১৯)

বাংলাদেশে শিশু ধর্ষণ ও হত্যা প্রতিরোধে আইন থাকলেও যৌন হয়রানি প্রতিরোধে সুনির্দিষ্ট পূর্ণাঙ্গ আইন নেই। বিশেষজ্ঞদের মতে, কঠোর শাস্তির পাশাপাশি সচেতনতা ও সামাজিক প্রতিরোধ বাড়ানো জরুরি। (বিবিসি: ০৮)

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতে 'গণমাধ্যম কমিশন' গঠনের কাজ শুরু করেছে। (রে. টুডে: ২০)

সিইসি এ এম এম নাসির উদ্দিন বলেছেন, স্থানীয় সরকার নির্বাচনে অতীতের সহিংসতা ও প্রাণহানি বন্ধ করে রক্তপাতহীন নির্বাচন আয়োজনই এখন ইসির প্রধান লক্ষ্য। (রে. তেহরান: ১২)

ভারতীয় গণমাধ্যমে শেখ হাসিনার দেশে ফেরার ইঙ্গিত ঘিরে নতুন করে আলোচনায় এসেছে আওয়ামী লীগের রাজনীতিতে ফেরার সম্ভাবনা। (বিবিসি: ০৬)

দেশে ২৪ ঘণ্টায় হাম ও এর উপসর্গে আরও সাত শিশুর মৃত্যু, মোট মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ৪৮৮ জনে। (বিবিসি: ০৪)

# বিবিসি

## ধর্ষণ ও হত্যাকাণ্ডের শিকার শিশুর বাবা-মায়ের সঙ্গে দেখা করলেন প্রধানমন্ত্রী

ঢাকার পল্লবীতে ধর্ষণ ও হত্যাকাণ্ডের শিকার শিশুর বাবা-মায়ের সঙ্গে দেখা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার রাতে ওই শিশুর বাসায় যান প্রধানমন্ত্রী। এসময় তার সঙ্গে ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এবং আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। প্রধানমন্ত্রী ধর্ষণ ও হত্যাকাণ্ডের ঘটনাটির সুষ্ঠু ও দ্রুত তদন্ত নিশ্চিত করার আশ্বাস দেন। এর আগে, এই ধর্ষণ ও হত্যার ঘটনায় দায়ীদের দ্রুত বিচারের আওতায় আনার নির্দেশনা দেন বাংলাদেশ সরকারের দুইজন মন্ত্রী। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে শিশু হত্যাকাণ্ডসহ দেশের সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। আর ঢাকা মহানগর পুলিশ কমিশনারকে আগামী এক সপ্তাহের মধ্যে এই হত্যাকাণ্ডের তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। গত মঙ্গলবার মিরপুরের পল্লবীর একটি ফ্ল্যাট থেকে এই শিশু মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় প্রধান আসামি সোহেল রানা এবং তার স্ত্রী স্বপ্না আক্তারকে আটক করেছে পুলিশ।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## শিগ্‌গিরই ব্যারাকে ফিরবে সেনাসদস্যরা : সেনাপ্রধান

"আশা করছি যে, কিছু সময়ের মধ্যে আমরা সবাই ব্যারাকে ফেরত আসতে পারবো," এই মন্তব্য করেছেন বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। বৃহস্পতিবার কুমিল্লা সেনানিবাসে আয়োজিত বাংলাদেশ সেনাবাহিনীর কেন্দ্রীয় ফায়ারিং প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। সেনাপ্রধান জানান, এরই মধ্যে অনেক সেনাসদস্য ব্যারাকে ফিরেছেন। এখনো ১৬ থেকে ১৭ হাজার সদস্য দেশের ৬২টি জেলায় কর্মরত রয়েছেন। "যতক্ষণ পর্যন্ত সরকার আমাদের চাইবে, আমাদের মাঠে থেকে বিভিন্ন কাজ চলবে। যেমন এখন ফুয়েল ডিপোগুলোতে আমাদের ডেপ্লয়মেন্ট আছে," বলেন তিনি। অনুষ্ঠানে সেনাপ্রধান দেশ গঠনে ও জাতীয় স্থিতিশীলতা রক্ষায় সেনাবাহিনীর অবদান তুলে ধরেন। তিনি বলেন, "২০২৪ সালের ২০ জুলাই থেকে দেশের প্রয়োজনে আমাদের সেনাসদস্যরা মাঠপর্যায়ে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।" গত ১৬ মে থেকে শুরু হওয়া বাংলাদেশ সেনাবাহিনীর কেন্দ্রীয় ফায়ারিং প্রতিযোগিতায় বিভিন্ন ফরমেশন, লজিস্টিকস এরিয়া, পাঁচটি স্বতন্ত্র ব্রিগেড এবং প্যারা কমান্ডো ব্রিগেডসহ মোট ১৭টি দল অংশ নেয়।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## শিশু রামিসা হত্যাকাণ্ড; দ্রুত বিচারের নির্দেশনা সরকারের দুই মন্ত্রীর

ঢাকার পল্লবীতে শিশু রামিসা আক্তারকে ধর্ষণ ও হত্যার ঘটনায় দায়ীদের দ্রুত বিচারের আওতায় আনার নির্দেশনা দিয়েছেন বাংলাদেশ সরকারের দুইজন মন্ত্রী। বৃহস্পতিবার দুপুরে সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে রামিসা হত্যাকাণ্ডসহ দেশের সামগ্রিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি জানান, সরকার গঠনের পর থেকে এ ধরনের প্রতিটি অপরাধের ক্ষেত্রেই আইন-শৃঙ্খলা বাহিনী তৎপর রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "শিশু রামিসা হত্যাকাণ্ডের খবর পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই আমরা আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়েছি। আসামি এরই মধ্যে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দিও দিয়েছে।" এদিকে, রামিসা হত্যাকাণ্ড নিয়ে বিবৃতি দিয়েছে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। যেখানে ঢাকা মহানগর পুলিশ কমিশনারকে আগামী এক সপ্তাহের মধ্যে রামিসা হত্যাকাণ্ডের তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। আইনমন্ত্রী জানিয়েছেন যে, এই অপরাধের বিচারিক প্রক্রিয়া সম্ভাব্য স্বল্পতম সময়ের মধ্যে সম্পন্ন করতে সরকার সব ধরনের আইনি পদক্ষেপ গ্রহণ করবে। গত মঙ্গলবার দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী রামিসার মরদেহ উদ্ধার করে পুলিশ। এই ঘটনায় যুক্ত থাকার অভিযোগে দুইজনকে গ্রেফতার করা হয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## দেশের দক্ষিণে তাপপ্রবাহ, উত্তরে ঝড়-বৃষ্টির বার্তা আবহাওয়া অফিসের

দেশের দক্ষিণাঞ্চলে চলমান তাপপ্রবাহ আরও কয়েকদিন অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। তবে উত্তর ও উত্তর-পূর্বাঞ্চলে ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় বিবিসি বাংলাকে এসব তথ্য জানিয়েছেন আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবির। মি. কবির বলেন, "দক্ষিণের জেলা খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট এবং যশোরে হিটওয়েভ আছে এবং এটা অব্যাহত থাকবে। আর দেশের উত্তর এবং উত্তর-পূর্বাঞ্চলে বিশেষ করে রংপুর, ময়মনসিংহ এবং সিলেটের দিকে বৃষ্টিপাতের সম্ভাবনা বেশি।" ময়মনসিংহ, সিলেট, ঢাকা, কুমিল্লা, নোয়াখালী এবং চট্টগ্রাম অঞ্চলের নদী বন্দরগুলোতে এক নম্বর সতর্কতা সংকেত বহাল রাখা হয়েছে বলেও জানান মি. কবির। আবহাওয়া অফিসের সবশেষ বার্তা অনুযায়ী- রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় ঝড়ো বাতাসসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## সুপ্রিম কোর্ট সচিবালয় বিলুপ্ত করায় জামায়াতে ইসলামীর প্রতিবাদ

সুপ্রিম কোর্ট সচিবালয় বিলুপ্ত করার সরকারি সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে একে 'বিচার বিভাগের ওপর চপেটাঘাত' বলে অভিহিত করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। বৃহস্পতিবার রাজধানীতে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই প্রতিক্রিয়া জানানো হয়। সংবাদ সম্মেলনে সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী শিশির মনির বলেন, বিচার বিভাগের স্বাধীনতা রুদ্ধ করতেই সরকার এই সচিবালয় বাতিল করেছে। এটি বিচার বিভাগের জন্য একটি 'কালো দিবস'। শিশির মনির বলেন, ১৯৯৯ সালের মাজদার হোসেন মামলার রায় ও ২০২৫ সালের হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী, বিচার বিভাগীয় সচিবালয় প্রতিষ্ঠা করা হয়েছিল। কিন্তু সরকার অধ্যাদেশ বাতিল করে বিচারকদের নিয়ন্ত্রণ পুনরায় আইন মন্ত্রণালয়ের অধীনে নিয়ে এসেছে। তিনি অভিযোগ করেন, বদলি, পদোন্নতি ও শৃঙ্খলার ক্ষমতা আইন মন্ত্রণালয়ের হাতে থাকায় বিচারকরা স্বাধীনভাবে কাজ করতে পারেন না। সরকারের পছন্দমতো রায় না হলে বিচারকদের বদলি বা পদোন্নতি আটকে দেওয়ার সুযোগ তৈরি করে রাখা হয়েছে বলেও জানান তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ আলী আহমেদ)

## হাম ও উপসর্গে আরও সাত শিশুর মৃত্যু

২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা ৪৮৮ জনে দাঁড়ালো। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত স্বাস্থ্য সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বুধবার সকাল আটটা থেকে বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত দেশে নতুন করে এক হাজার ৪২৩ জনের শরীরে হামের উপসর্গ শনাক্ত হয়েছে। একই সময়ে নিশ্চিত হাম রোগী শনাক্ত হয়েছেন ২০৮ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৫৯ হাজার ২৭৯ জন। আর নিশ্চিত হাম রোগী ৮ হাজার ২৭৫ জন। এ পর্যন্ত ৪৬ হাজার ৪০৭ জন হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে, যার মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছে ৪২ হাজার ৩৩৬ জন।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## কোন কোন লক্ষণ দেখলে মেয়েশিশুর নিরাপত্তা নিয়ে সতর্ক হতে হবে?

"তখন আমি গ্রামের স্কুলে ক্লাস টু-তে পড়ি। আমাদের বাড়িটা অনেকটা উঠোন ঘেরা- চারপাশে কয়েকটি ঘর, একেকটিতে একেক পরিবার। সবাই আত্মীয়। একে অন্যের ঘরে যাওয়া-আসা, খাওয়া-দাওয়া খুবই স্বাভাবিক ব্যাপার। একদিন দুপুরে আমার এক কাজিন আমাকে তাদের ঘরে ডাকলো। আমিও স্বাভাবিকভাবেই গেলাম। গিয়ে দেখি ঘরে আর কেউ নাই। এরপর সে আমি কিছু বুঝে ওঠার আগেই আমার মুখ চেপে ধরে।" নিজের শৈশবের ভয়াবহ অভিজ্ঞতার কথা বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন ২৮ বছর বয়সি সুরভী। তার সামাজিক সুরক্ষার কথা ভেবে এখানে তার ছদ্মনাম ব্যবহার করা হয়েছে। তিনি বলেন, "আমি তখন চিৎকার করতে পারছিলাম না, কাউকে ডাকতেও পারছিলাম না। চোখের সামনে শুধু অন্ধকার দেখছিলাম- বড়ো হয়ে বুঝেছি, এটিকেই বলে যৌন নির্যাতন।" সুরভীর মতো অভিজ্ঞতার কথা খুব কম মানুষই প্রকাশ্যে বলেন। তবে শিশু অধিকারকর্মীরা বলছেন, বাংলাদেশে শিশুদের প্রতি যৌন সহিংসতা বা নির্যাতনের বড়ো একটি অংশ ঘটে পরিচিত মানুষের হাতেই, যাদের মধ্যে থাকতে পারেন আত্মীয়, প্রতিবেশী কিংবা পরিচিত কেউ। সম্প্রতি ঢাকার পল্লবীতে প্রতিবেশীর বিরুদ্ধে দ্বিতীয় শ্রেণির একটি কন্যা শিশুকে ধর্ষণ ও হত্যার অভিযোগ ওঠায় নতুন করে ঘরে-বাইরে শিশুদের নিরাপত্তার বিষয়টি সামনে এসেছে। বিশেষ করে, মেয়ে শিশুরা কতটা নিরাপদ, পরিবারগুলো কীভাবে ঝুঁকি চিনবে এবং সন্তানকে নিরাপদ রাখতে কী ধরনের সচেতনতা জরুরি- এসব প্রশ্ন এখন অনেকের মনে।

### চেনা মানুষই যখন ঝুঁকি

সাত বছর বয়সি শিশু রামিসা হত্যার ঘটনায় এখন পর্যন্ত পুলিশ জানিয়েছে, ঢাকার মিরপুর-১১ নম্বরে একটি ফ্ল্যাটে শিশুটিকে প্রথমে টয়লেটে নিয়ে ধর্ষণ করা হয়। এরপর গলা কেটে হত্যা করা হয়। তার মাথার অংশটি পাওয়া যায় টয়লেটে এবং শরীরের বাকি অংশ উদ্ধার করা হয় খাটের নিচ থেকে। ঘটনার দিন, গত ১৯ মে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার এস এন মো. নজরুল ইসলাম সাংবাদিকদের বলেন, অপরাধ গোপন ও মরদেহ সরিয়ে ফেলার উদ্দেশ্যে আসামি মরদেহ খণ্ডবিখণ্ড করার চেষ্টা করেছিল; কিন্তু শিশুটির মা বিষয়টি টের পেয়ে যাওয়ায়, সে তার পরিকল্পনা সম্পূর্ণ করতে পারেনি এবং জানালার গ্রিল কেটে পালিয়ে যায়। ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যমে গভীর উদ্বেগ ও আলোচনার জন্ম দিয়েছে। কারণ, যে ফ্ল্যাটে হত্যাকাণ্ডটি ঘটেছে, সেটি ছিল রামিসাদের পাশের ফ্ল্যাট এবং এই হত্যাকাণ্ডে যাদের নাম উঠে এসেছে, তারা হলেন রামিসাদের প্রতিবেশী। তাই অনেকেই লিখছেন, শুধু প্রতিবেশী না, আত্মীয়স্বজনকেও যেন শিশুর নিরাপত্তার প্রশ্নে অন্ধবিশ্বাস না করা হয়। অবশ্য, পরিসংখ্যানও তেমনটাই বলছে। গবেষণায় দেখা গেছে, বাংলাদেশে শতকরা প্রায় ৮৫ ভাগ ক্ষেত্রেই পরিচিতদের দ্বারাই শিশুরা যৌন নির্যাতন বা ধর্ষণের শিকার হয়। যুক্তরাষ্ট্রে শিশুদের সঙ্গে ঘটে যাওয়া ১০০টি যৌন নির্যাতনের ঘটনার ৯৩টির ক্ষেত্রেই অভিযুক্ত ভুক্তভোগী শিশুর পরিচিত কেউ থাকে, বলছে যুক্তরাষ্ট্রভিত্তিক অলাভজনক প্রতিষ্ঠান আরএআইএনএন। এ প্রতিষ্ঠানটি ধর্ষণ, সহিংসতা নিয়ে কাজ করে থাকে।

এর মধ্যে পরিবারের সদস্য থাকে ৩৪ শতাংশ আর পরিচিত থাকে ৫৯ শতাংশ। বাংলাদেশেও তাই। জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের একটি নিবন্ধ অনুযায়ী, "শতকরা প্রায় ৮৫ ভাগ ক্ষেত্রেই যৌন নির্যাতনকারীরা শিশুর...আত্মীয়, বন্ধু বা বিশ্বস্ত কেউ হয়।" ২০২০ সালে প্রকাশিত 'চাইল্ড সেক্সুয়াল অ্যাবিউজ ইন বাংলাদেশ' শিরোনামের গবেষণাতেও বলা

হয়েছে, দুর্বৃত্তরা বেশিরভাগ ক্ষেত্রেই ভুক্তভোগীর পরিচিত কেউ থাকেন। রাজনীতি বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জোবাইদা নাসরীন কয়েক বছর আগে অপরাধীর আচরণ ও বাংলাদেশে শিশু ধর্ষণের ওপর যৌথভাবে একটি গবেষণা করেছেন। তাতে দেখা গেছে, শিশুদের প্রতি যৌন সহিংসতার বেশিরভাগ ঘটনায়ই পরিবারের সদস্য, আত্মীয় বা পরিচিত মানুষ জড়িত থাকে, অপরিচিতরা না। গবেষণাটি বলছে যে, যৌন সহিংসতার ঘটনার মাত্র ২৫ শতাংশ ক্ষেত্রে অপরাধীরা ছিল সম্পূর্ণ অপরিচিত ব্যক্তি, ৩৩ শতাংশ ক্ষেত্রে ছিল শিশু আত্মীয়, আর ৪২ শতাংশ ক্ষেত্রে অভিযুক্ত ছিল পরিচিত কেউ- যেমন প্রতিবেশী, পরিচিত ব্যক্তি বা নিয়মিত বাড়িতে যাতায়াত করা মানুষ। এদিকে, জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফের তথ্যমতে, পৃথিবীতে প্রতি আটজনে একজন নারী ১৮ বছর বয়স হওয়ার আগেই ধর্ষণ বা যৌন নির্যাতনের শিকার হয়েছেন। আর প্রতি বছর যতসংখ্যক শিশু যৌন নির্যাতনের ঘটনা রিপোর্ট হয়, সেখানে ভুক্তভোগীদের বড়ো একটি অংশই ১৪ থেকে ১৬ বছর বয়সি কিশোরী, বলছে সংস্থাটি। অধ্যাপক নাসরীন বিবিসি বাংলাকে বলেন, "বাচ্চারা কিছু বলতে পারে না বলেই তারা টার্গেট।" নারী ও শিশুদের নিয়ে কাজ করা অধিকার কর্মীরাও বলছেন, মূলত নিকটাত্মীয়ের প্রতি যে বিশ্বাস থাকে, তা ব্যবহার করেই এই ধরনের কাজগুলো করা হয়।

**এমন ঘটনার প্রভাব কতটা গভীর**

প্রতিবেদনের শুরুতে যে সুরভীর গল্প বলা হয়েছিল, তিনি বিবিসি বাংলাকে বলছিলেন যে, শৈশবের ওই দুঃসহ স্মৃতি তিনি আজও ভুলতে পারেননি। তার ভাষায়, "আমি তখন এগুলো বাসায় বলতে পারিনি, কারণ আমায় ভয় দেখানো হয়েছিল। আর এরপর আমি যত বড়ো হলাম, আমার তত মনে হতে লাগলো যে, আমি সমাজে ফিট ইন (খাপ খাওয়া) করি না, আমার আত্মবিশ্বাস নাই হয়ে যেতে থাকলো। আমার নিজেকে অসম্পূর্ণ মনে হতো, আমার মনে হতো যে, জানাজানি হলে এই সমাজ আমায় কীভাবে নেবে, বিশেষ করে বিয়ের পর আমার পার্টনার এটাকে কীভাবে দেখবে এবং এটা আমার আজও মনে হয়।" এই ধরনের যৌন সহিংসতার ঘটনার শিকার হওয়ার পর সাধারণত শিশুরা যে ধরনের অনুভূতির মধ্যদিয়ে যায়, মিজ সুরভীর কথায় সেগুলোই প্রতিফলিত হয়েছে। মানসিক রোগ বিশেষজ্ঞ ডা. মেখলা সরকার এ প্রসঙ্গে বিবিসি বাংলাকে বলছিলেন, এমন ঘটনায় শিশুর "বিষণ্নতা হতে পারে, উদ্বেগ হতে পারে। আর উদ্বেগ-বিষণ্নতা থেকে তার জেদ বাড়তে পারে, সে খিটখিটে হয়ে যেতে পারে। পড়াশোনায় অমনোযোগী হতে পারে, স্কুলে যেতে না চাইতে পারে। তার মাঝে এক ধরনের হীনম্মন্যতা তৈরি হতে পারে। কোনো কোনো ক্ষেত্রে কারও সাথে মিশতে ভয় পায়।"

শুধু এগুলোই না, যৌন সহিংসতার শিকার শিশুদের বিশেষ কোনো রোগ ধরা না পড়লেও, কিছু শারীরিক জটিলতা দেখা দিতে পারে। যেমন- ঘুম কম হওয়া, রাতে ঘুমের মাঝে কেঁপে ওঠা, মাথা ধরা, বুকে ব্যথা, সামান্য চাপেই জ্ঞান হারানো, খিঁচুনি, শ্বাস নিতে সমস্যা। "মোট কথা, ওই শিশুর মানুষ সম্বন্ধে ভীতি তৈরি হতে পারে। বিশেষ করে, সে পুরুষদের এড়িয়ে চলতে চাইতে পারে। অর্থাৎ, মানুষের সাথে স্বাভাবিক মেলামেশার জায়গায় ভীষণ নেতিবাচক প্রভাব পড়তে পারে," বলছিলেন মেখলা সরকার।

**শিশুর নিরাপত্তায় অভিভাবকের করণীয়**

যৌন সহিংসতার শিকার শিশুদের পাশে সব সময় পরিবারের থাকাটা প্রয়োজন বলে জানিয়েছেন মানসিক রোগ বিশেষজ্ঞ ডা. মেখলা সরকার। তার পরামর্শ, যদি উপরে বর্ণিত লক্ষণগুলো শিশুর মাঝে হঠাৎ করে দেখা যায়, তাহলে শিশুর বাবা-মা'র উচিত, শিশুর আচরণকে গুরুত্ব দিয়ে দেখা, তার সঙ্গে কথা বলা এবং কোনো ধরনের চাপ বা ভয় না দিয়ে তাকে নিরাপদ অনুভব করানো। প্রয়োজনে শিশুকে দ্রুত মনোরোগ বিশেষজ্ঞ বা কাউন্সেলরের সহায়তা নেওয়া। তবে এই ধরনের ঘটনার শিকার যেন কোনো শিশু না হয়, সেজন্য বাবা-মায়েদেরকে কিছু বিষয়ে আগাম সতর্ক অবস্থানে থাকতে বলেছেন তিনি। তার ভাষায়, "শিশুর ওপর যৌন সহিংসতা আমাদের দেশে খুবই কমন। রিলেটিভদের দ্বারা এটি বেশি হয়। তাই বাবা-মাকে প্রথম থেকেই খেয়াল রাখতে হবে যে, বাচ্চা কোথায় যাচ্ছে, কার কাছে যাচ্ছে। এর মানে এটা না যে, বাবা-মা সব সময় তার পাশে পাশে থাকবে। কিন্তু বাবা-মা জানবে যে, বাচ্চা কোথায় যাচ্ছে এবং যাদের সাথে আছে, তারাও জানবে যে, বাবা-মায়ের নজর আছে।" আর শিশুকে প্রথম থেকেই ব্যাড-টাচ, গুড-টাচ (স্পর্শের ভালো-খারাপ) নিয়ে ধারণা দেওয়া উচিত এবং এই ধরনের পরিস্থিতিতে কী করণীয়, তা নিয়েও ধারণা দেওয়া উচিত বলে জানান তিনি। তার পরামর্শ, "শিশু তিন-চার বছর থেকেই তার বডি পার্টসের বিষয়ে জানবে, বিশেষ করে প্রাইভেট পার্টস যে, এটা অন্য কেউ টাচ করবে না। শুধু বাবা-মা গোসল করানোর সময় বা সে অসুস্থ হলে এবং চিকিৎসক এটা স্পর্শ করতে পারবে। কেউ তার জামা খুলে ফেলতে পারবে না। কেউ তার সাথে এগুলো করলে সেখান থেকে সরে যাবে, চিৎকার করবে। তাকে বলতে হবে যে, শুধু প্রাইভেট পার্ট না, যে টাচে অস্বস্তি হবে, সেটিকে 'নো' বলবা এবং আমায় (বাবা-মা) বলবা।" তিনি জানান, শিশু যেন অপরিচিত কারও সাথে না যায়, সেটিও তাকে বোঝাতে হবে। আর যারা কর্মজীবী বাবা-বা, তাদের সামর্থ্য থাকলে শিশুকে নজরে রাখার জন্য তারা যেন সিসি ক্যামেরা কিনে, এমনকি বাসায় শিক্ষক পড়ালেও, বাবা-মাকে মাঝে মাঝে সেখানে যেতে হবে।

**শিশু সুরক্ষায় আইনে কী আছে**

শিশু সুরক্ষায় বাংলাদেশে প্রচলিত আইনের নাম 'নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০'। ২০০০ সালের আগে ধর্ষণের ঘটনায় জরিমানার বিষয়টি বাধ্যতামূলক ছিল না। ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইনে জরিমানা বাধ্যতামূলক করা হয়। এই আইনে বলা হয়, "যদি কোনো ব্যক্তি কর্তৃক ধর্ষণ বা উক্ত ধর্ষণ পরবর্তী তাহার অন্যবিধ কার্যকলাপের ফলে ধর্ষিতা নারী বা শিশুর মৃত্যু ঘটে, তাহা হইলে তিনি মৃত্যুদণ্ডে বা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং ইহার অতিরিক্ত অর্থদণ্ডেও দণ্ডনীয় হইবেন।" এর ব্যাখ্যায় আবার বলা হয়েছে, "যদি কোনো ব্যক্তি বিবাহ বন্ধন ব্যতীত ১৬ বছরের বেশি বয়সের কোনো নারীর সাথে তার সম্মতি ছাড়া বা ভীতি প্রদর্শন করে বা প্রতারণামূলকভাবে তার সম্মতি আদায় করে, অথবা ১৬ বছরের কম বয়সের কোনো শিশুর সহিত তার সম্মতিসহ বা সম্মতি ছাড়া যৌনকর্ম করেন, তা হলে তিনি উক্ত নারী বা শিশুকে ধর্ষণ করেছেন বলে গণ্য হবেন।" এছাড়া, যদি একাধিক ব্যক্তি দলবদ্ধভাবে কোনো নারী বা শিশুকে ধর্ষণ করেন এবং ধর্ষণের ফলে উক্ত নারী বা শিশুর মৃত্যু ঘটে বা তিনি আহত হন, তাহলে ওই দলের প্রত্যেক ব্যক্তি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হবেন এবং এর অতিরিক্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হবেন। ধর্ষণ করে মৃত্যু ঘটানোর চেষ্টা বা আহত করার চেষ্টা করা হলে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ড হবে। আর ধর্ষণের চেষ্টা করলে ১০ বছর পর্যন্ত কারাদণ্ড এবং অর্থদণ্ড হবে।

**আইন আছে, প্রয়োগ নেই**

তবে মানবাধিকারকর্মীদের মতে, বাংলাদেশে আইন থাকলেও, তার যথাযথ প্রয়োগ নেই। মানবাধিকারকর্মী অ্যাডভোকেট এলিনা খান বিবিসি বাংলাকে বলছিলেন, "আইনে কোনো সমস্যা নেই, নেই আইনের বাস্তবায়ন। আইনে বলা আছে, ১৮০ দিনের মাঝে মামলা শেষ করতে হবে। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে দিনের পর দিন নারী-শিশু মামলাগুলো পড়ে আছে। 'কোনো কারণে যদি তদন্ত না করতে পারে'- এরকম একটা ক্লজ আছে, সেটিকে ব্যবহার করে এটি হচ্ছে।" "বলা আছে, ৩০ দিনের মাঝে চার্জশিট দিতে হবে। তাহলে কেন চার্জশিট লিখতে পুলিশের এত সময় লাগে? কেন ৯০ দিন চলে যায়? আমরা (সাধারণ মানুষ) মনে করি, পুলিশ তো চার্জশিট দিয়েছিল। আসামিরা কোর্ট থেকে বের হয়ে গেছে কিন্তু পুলিশ যদি চার্জশিটে ফাঁক-ফোঁকড় রেখে দেয়, তাহলে তো হবেই। অর্থাৎ, বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের সদিচ্ছার অভাব আছে।" এসময় তিনি আরও বলেন, বাংলাদেশে এখন ধর্ষণের পর মেরে ফেলার প্রবণতা দেখা যাচ্ছে। কারণ শিশু বেঁচে গেলে সে তাকে অত্যাচারের কথা বলে ফেলতে পারে। এছাড়া, এই ধরনের অনেক ঘটনাই সামনে আসে না জানিয়ে তিনি বলেন, "মূল জটিলতা হয় পরিবারে। সদস্যরা বলে, যা ঘটার ঘটেছে, এটা আমাদের জন্য লজ্জাজনক, এবার ধামাচাপা দাও। তারা ভাবে, মেয়ের বিয়ে হবে না, আমরা তো এখানেই থাকবো।" অ্যাডভোকেট সালমা আলীর সাথেও এ প্রসঙ্গে কথা হয় বিবিসি বাংলার। তার মতে, "বাংলাদেশে মেয়ে শিশুর জন্য ঝুঁকি সব জায়গায়। ঘরে বাইরে কোথাও নিরাপত্তা নেই। তবে এই ধরনের ঘটনায় পরিবার এগুলোকে গোপন করার চেষ্টা করে। আর বেশিরভাগ ক্ষেত্রেই দ্বিতীয়বার সহিংসতার শিকার হওয়ার ভয়ে থানায় যাওয়ার বিষয়টা নিরুৎসাহিত করা হয়।" "আর আমাদের থানাগুলোতে পরিবেশ যে রকম হওয়ার কথা, সে রকম নেই। আমাদের ভালো পুলিশ অফিসার নেই। থানায় নারীবান্ধব পরিবেশ নেই," যোগ করেন তিনি। মানবাধিকারকর্মীদের মতে, শিশু নির্যাতনের ঘটনায় দ্রুত বিচার নিশ্চিত করতে বিশেষায়িত আদালত ও পর্যাপ্ত অবকাঠামো প্রয়োজন। তাদের ভাষ্য, দৃশ্যমান শাস্তি নিশ্চিত হলে অপরাধীদের মধ্যে ভয় তৈরি হবে। এছাড়া, শিশুদের নিরাপত্তায় পরিবারের পাশাপাশি স্কুল, কমিউনিটি ও রাষ্ট্রের সমন্বিত ভূমিকা জরুরি। এদের মাঝে সমন্বয়ের অভাব, জনবল সংকট ও পর্যাপ্ত মনিটরিং না থাকায় অনেক ক্ষেত্রেই এ ধরনের ঘটনায় কার্যকর ব্যবস্থা নেওয়া সম্ভব হয় না। এ ক্ষেত্রে গণমাধ্যম, মানবাধিকার সংগঠন ও নারী অধিকার সংগঠনগুলোরও সক্রিয় ভূমিকা রাখাটা প্রয়োজন বলে মনে করেন তারা।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## শেখ হাসিনার দেশে ফেরা না ফেরার প্রশ্নে হঠাৎ আলোচনা কেন?

চব্বিশের গণ-অভ্যুত্থানের মুখে বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ছেড়ে যাওয়ার পর বিভিন্ন সময় তার রাজনীতিতে ফেরা না ফেরার প্রশ্ন আলোচনায় এসেছে। সম্প্রতি ভারতীয় একটি গণমাধ্যমে ' শিগ্‌গিরই' দেশে ফিরবেন বলে শেখ হাসিনার যে বক্তব্য প্রকাশ হয়েছে, তাতে নতুন করে এই আলোচনা সামনে এসেছে। যদিও নির্বাহী আদেশে আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ আছে এবং দলটির নিবন্ধনও স্থগিত রয়েছে। একইসঙ্গে, চব্বিশের মানবতাবিরোধী অপরাধের মামলায় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মৃত্যুদণ্ড হয়েছে শেখ হাসিনার। এছাড়া, একাধিক দুর্নীতির মামলাতেও তার সাজা রয়েছে। সেক্ষেত্রে প্রশ্ন উঠেছে, শেখ হাসিনার দেশে ফিরে আসা অথবা নতুন করে আওয়ামী লীগের রাজনীতি শুরু কতটা চ্যালেঞ্জের? কার্যক্রম নিষিদ্ধ থাকা দলটির যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিমের দাবি, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং রাজনৈতিক স্বার্থ হাসিলের জন্য এই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করা হয়েছে। এটা সম্পূর্ণ বেআইনি ও অসাংবিধানিক। বিবিসি বাংলাকে মি. নাছিম বলেন, "এই ট্রাইব্যুনালের সমস্ত কার্যক্রমকে অনতিবিলম্বে বাতিল করতে হবে। সকল রাজবন্দিকে মুক্তি দিতে হবে। ২০২৪-এর ৫ আগস্টের পরে যত রায় হয়েছে, অর্থাৎ শেখ হাসিনাকে ফাঁসির যে আদেশ দিয়েছে, সেই আদেশসহ সকল রায় অনতিবিলম্বে গণতন্ত্রের স্বার্থে বাতিল করতে হবে।" এদিকে, অন্তর্বর্তী সরকারের সাবেক একজন উপদেষ্টা মাহফুজ

আলম আওয়ামী লীগের ফেরা নিয়ে সামাজিক মাধ্যমে একটি পোস্ট দিয়েছেন। সেই পোস্টকে ঘিরেও এই আলোচনা আরো বেড়েছে।

যদিও বিশ্লেষকরা বলছেন, আইনের মাধ্যমে অর্থাৎ নির্বাহী আদেশে আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে। কিন্তু ভোটের রাজনীতিতে তারা প্রত্যাখ্যাত হয়নি। ফলে শেখ হাসিনা অথবা তার দল উভয়েরই বাংলাদেশের রাজনীতিতে ফেরার সম্ভাবনা রয়েছে। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, "সরকার তো আইন করে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করেছে। মানুষ তো আর ভোট দিয়ে হাসিনাকে রিজেক্ট করে নাই, কারণ তারা ভোটে সেটা করার সুযোগই পায়নি। ফলে ওইখানে একটি দুর্বলতা রয়ে গেছে। যতদিন জনগণের এই সমর্থন আছে, ততদিন শেখ হাসিনার কামব্যাক করার সম্ভাবনাটা থেকেই যায়।"

**শেখ হাসিনা কি ফিরতে পারবেন?**

অন্তর্বর্তী সরকারের সময়ে ২০২৫ সালের মে মাসে আওয়ামী লীগের সব কার্যক্রমে নিষেধাজ্ঞা দেওয়া হয়। রাজনৈতিক দল হিসেবেও সে সময় তাদের নিবন্ধন স্থগিত করে নির্বাচন কমিশন। এমন প্রেক্ষাপটে ত্রয়োদশ জাতীয় নির্বাচনে অংশ নিতে পারেনি দলটি। আন্দোলনের মুখে ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা বাংলাদেশ ছেড়ে ভারতে যান এবং সেখানেই অবস্থান করছেন। এরই মধ্যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি ক্ষমতায় আসার পর আওয়ামী লীগের নেতা-কর্মীদের আবার ঝটিকা মিছিল করে সক্রিয় হওয়ার এক ধরনের চেষ্টা দৃশ্যমান হচ্ছে। এপ্রিলে, আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়ে জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনার ও সরকারের কাছে চিঠি পাঠান কক্সবাজারের প্রায় পৌনে দুইশো আইনজীবী। এরই মধ্যে ভারতীয় একটি গণমাধ্যমে ই-মেইলে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনার তার ফেরার কথা বলেছেন। কার্যক্রম নিষিদ্ধ থাকা দলটির যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম বিবিসি বাংলাকে বলেন, শেখ হাসিনা আইনের শাসনের প্রতি শ্রদ্ধাশীল; মাথা উঁচু করে গণতন্ত্রে ফেরা আওয়ামী লীগের নৈতিক দায়িত্ব। "এটিই সমগ্র জাতির জন্য একটি ইতিবাচক বার্তা, সেটা হলো- প্রতিশোধ নয় বরং আইনের শাসন ও মতপ্রকাশের স্বাধীনতাকে তিনি নিশ্চিত করতে চান। সেক্ষেত্রে আইনের শাসন, গণতান্ত্রিক অধিকার সমস্ত কিছুর প্রতি শ্রদ্ধা রেখেই শেখ হাসিনা বাংলাদেশে ফিরে আসতে চান," বলেন মি. নাছিম। তবে, আওয়ামী লীগকে বাদ রেখেই জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান এবং অন্তর্বর্তী সরকারের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালকে পুনর্গঠনের বিষয়টি "সম্পূর্ণ বেআইনি" বলে উল্লেখ করেন মি. নাছিম। তিনি বলেন, "এই আদালতকে আমরা প্রত্যাখান করেছি, এই কোর্টকে বাংলাদেশের মানুষও প্রত্যাখান করেছে। সেই আদালতে শেখ হাসিনা যেতে চান, যেখানে আইনের শাসন থাকবে। যেখানে ন্যূনতম স্বাধীন, সার্বভৌমভাবে আদালত কাজ করতে পারবে।" এই আওয়ামী লীগ নেতা চব্বিশের গণ-অভ্যুত্থানের পরের সব রায় বাতিলের দাবি জানান। এদিকে, বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশের একটি বড়ো জনগোষ্ঠী এই দলটিকে সমর্থন করে। আওয়ামী লীগ ভোটের রাজনীতিতে নয়, বরং নির্বাহী আদেশে নিষিদ্ধ হওয়ায় জনসমর্থনেই তাদের ফিরে আসার সম্ভাবনা থেকে যায়। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বলছিলেন, "আওয়ামী লীগ তো বলতে পারবে, আমাদের তো জনগণ প্রত্যাখ্যান করে নাই। সেই সুযোগই দেওয়া হয়নি, নির্বাচনে দাঁড়াতে দাওনি তোমরা। এর আগে, নির্বাহী আদেশে জামায়াতে ইসলামীকে নিষিদ্ধ করা হয়েছিল। তারা ফিরে আসছে, সুতরাং আওয়ামী লীগও ফিরে আসতেই পারে।"

প্রসঙ্গত, এর আগে, ২০২৪ সালে শেখ হাসিনার সরকার জামায়াতে ইসলামীকে নির্বাহী আদেশে নিষিদ্ধ করেছিল। কিন্তু আওয়ামী লীগের শাসনের পতনের পর গঠিত অন্তর্বর্তী সরকারের সময়ে জামায়াতের বিরুদ্ধে নিষেধাজ্ঞা বাতিল করা হয়। মহিউদ্দিন আহমদ মনে করেন, আওয়ামী লীগ যদি চায় শেখ হাসিনাকে নিয়েই দলটি 'কামব্যাক' করবে, সেক্ষেত্রে তারা জনসমর্থনেই রাজনীতিতে ফিরে আসার চেষ্টা করবে। তবে কীভাবে আওয়ামী লীগ ও শেখ হাসিনা ফিরবে, সেটি বলা মুশকিল বলেও মনে করেন এই বিশ্লেষক। "পর্দার আড়ালে তো অনেক কিছুই ঘটে, আমরা সেটা বাইরে থেকে জানি না, বুঝি না। হয়ত অনেক পরে জানতে পারবো," বলেন মি. আহমদ। একইসঙ্গে, চব্বিশের মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় থাকায় আইনানুযায়ী তাকে আগে আত্মসমর্পণ করতে হবে। আইনানুযায়ী, দণ্ডপ্রাপ্ত পলাতক ব্যক্তি রায় ঘোষণার ৩০ দিনের মধ্যে আত্মসমপর্ণ করলে ওই রায়ের বিরুদ্ধে আপিল করতে পারেন। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ জানান, মৃত্যুদণ্ডপ্রাপ্ত হলেও খালাস হয়ে যাওয়ার একাধিক নজির রয়েছে। "১৯৫৩-৫৪ সালে মাওলানা মওদুদীর ফাঁসির আদেশ হয়েছিল। পরে এটা মওকুফ হয়ে যায়। রিসেন্ট নজিরও আছে," বলেন মি. আহমদ। নির্বাচিত বিএনপি সরকার বারবারই শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে বিচারের মুখোমুখি করার কথা বলে আসছে। তবে, শেখ হাসিনার নিজ সিদ্ধান্ত এবং ভারত ফেরত পাঠানোর সিদ্ধান্ত নেওয়ার মতো প্রেক্ষাপট তৈরি হলেই কেবল বাংলাদেশে শেখ হাসিনার ফিরে আসার সম্ভাবনা তৈরি হতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

**কী বলছে বিএনপিসহ অন্যান্য দল?**

কেবলমাত্র চব্বিশের মানবতাবিরোধী অপরাধের বিচার ও রায়ের মুখোমুখি হওয়ার জন্যই বাংলাদেশে শেখ হাসিনাকে ফিরে আসতে হবে বলে বলছেন বিএনপিসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা। আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধের যে নির্বাহী আদেশ, সেটি বাতিলে এখন পর্যন্ত সরকারের কোনো সিদ্ধান্ত নেই বলে জানান প্রধানমন্ত্রীর

রাজনৈতিক ও শিল্প বিষয়ক উপদেষ্টা রুহুল কবির রিজভী। বিএনপির এই নেতা বিবিসি বাংলাকে বলেন, "আমি এখন পর্যন্ত যতটুকু জানি, এ ধরনের কোনো সিদ্ধান্ত নেই, কোনো সিদ্ধান্তের কথা শুনিওনি বা প্রকাশ্যেও বিষয়টি আসেনি।" "বিচার চলছে, বিচারের প্রক্রিয়া অব্যাহত আছে। দুই-একটি বিচারের রায় হয়েছে, সেই বিচার প্রক্রিয়ায় যদি মুখোমুখি হতে পারেন, আসতে পারেন। একটা রায় হয়েছে মৃত্যুদণ্ড, আরো অসংখ্য অপরাধের বিচার চলছে। বিচার মোকাবিলা যদি উনি করতে পারেন, তাহলে যে-কোনো ফ্লাইটে আসতেই পারেন," বলেন বিএনপির এই সিনিয়র নেতা মি. রিজভী। এদিকে, আইনি প্রক্রিয়ার মাধ্যমে সরকার শেখ হাসিনাকে ফেরত চায় বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এক প্রেস ব্রিফিংয়ে একজন সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, "পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে আমরা অনুরোধ করেছি। এক্সট্রাডিশন (প্রত্যর্পণ) চুক্তি অনুসারেও অনুরোধ করেছি- আমরা শেখ হাসিনাকে ফেরত চাই এবং আমরা চাই তিনি মামলা ফেস করুক। এখন যদি কেউ বলে আসতে চায়, আমরা তো তাকে (শেখ হাসিনাকে) চাচ্ছি।" অন্যদিকে, ত্রয়োদশ জাতীয় সংসদের বিরোধী দল জামায়াতে ইসলামীর নেতারাও মনে করছেন, শেখ হাসিনাকে দেশে ফিরলে আগে আইনের মুখোমুখি হতে হবে। যদিও একাত্তরের মুক্তিযুদ্ধে জামায়াতের ভূমিকা নিয়ে বিতর্ক রয়েছে। ১৯৫৮ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত জামায়াতে ইসলামীর রাজনৈতিক কার্যক্রম কমপক্ষে চারবার নিষিদ্ধ হয়েছে। ২০০৮ সালের নির্বাচনে আওয়ামী লীগ ক্ষমতায় এসে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠন করে একাত্তরের মানবতাবিরোধী অপরাধের অভিযোগে জামায়াতের শীর্ষ নেতাদের বিচার করেছিল।

২০২৪ সালে গণ-অভ্যুত্থানের পরে জুলাইয়ের মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য ট্রাইব্যুনাল পুনর্গঠন করে অন্তর্বর্তী সরকার। আর এই পুনর্গঠিত ট্রাইব্যুনালেই শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় দেওয়া হয়। জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এবং কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের মনে করেন, শেখ হাসিনাকে আগে সাজা ভোগ করতে হবে। "রাজনীতি করার কোনো সুযোগ এদেশের জনগণ তাদের দেবে না। যেহেতু তারা ফ্যাসিবাদ এবং ফ্যাসিবাদী কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশকে চরম সংকটের মধ্যে ফেলে দিয়েছে। বাংলাদেশের মানুষ তাদের গ্রহণ করে নেবে না," বলেন মি. জুবায়ের। এদিকে, জাতীয় নাগরিক পার্টির মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলছেন, বর্তমান সরকারের ব্যর্থতায় আওয়ামী লীগ সক্রিয় হয়েছে। একইসঙ্গে তিনি এটাও বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের মূল দাবি ছিল তিনটি- সংস্কার, বিচার ও নির্বাচন। এই তিনটির পূর্ণাঙ্গ বাস্তবায়ন না হওয়ায় আওয়ামী লীগ এখনো এক্সিস্ট করে। আওয়ামী লীগ ফিরতে পারবে কি না, এমন প্রশ্নে তিনি বলেন, "যদি আওয়ামী লীগ দল হিসেবে আসতে হয়, তাদের অবশ্যই বিচারের মুখোমুখি হতে হবে এবং সেই বিচারটা তাদের ফেইস করতেই হবে। তারা রাজনীতি শুরু করতে পারবে কি না, বিচারের কাঠগড়ায় সেটার রায় আসবে।" অন্যদিকে, অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা মাহফুজ আলম তার ফেসবুক পোস্টে লিখেছেন, "লীগ সেদিনই ব্যাক করেছিল, যেদিন অন্তরিন সরকার পলিটিক্যাল থেকে আমলাতান্ত্রিক হলো এবং আমলানির্ভর কিচেন ক্যাবিনেট থেকে সিদ্ধান্ত নেওয়া শুরু হলো। যে কিচেন ক্যাবিনেটের অধিকাংশ লোকই ছিল জামায়াত-বিএনপি বা লীগের ছুপা দালাল। যাদের কাছে জুলাই মানে ছিল, নিজেদের পরিবার, প্রজন্ম আর প্রতিষ্ঠানের স্বার্থরক্ষা।" সামাজিক মাধ্যমে তার এই বক্তব্য নিয়ে প্রতিক্রিয়া দেখা গেছে। (বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ আলী আহমেদ)

## শিশু ধর্ষণ ও হত্যা প্রতিরোধে আইনে কী পদক্ষেপ রয়েছে?

ঢাকার পল্লবীতে ধর্ষণ ও হত্যার শিকার শিশু রামিসার ঘটনাটি যেমন নাড়া দিয়েছে পুরো বাংলাদেশকে, তেমনি গত একমাসে আরো অন্তত তিনটি শিশু এ ধরনের ঘটনার শিকার হয়েছে। এই শিশুদের প্রত্যেকেরই বয়স চার থেকে দশ বছরের মধ্যে। গত ৬ মে থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় শিশুরা এমন নৃশংসতার শিকার হয়েছে। গত ১৪ মে বাংলাদেশের গণমাধ্যমে প্রকাশিত একটি খবরে বলা হয়েছে, ঠাকুরগাঁওয়ের রানীশংকৈল উপজেলায় নিখোঁজের একদিন পর লামিয়া আক্তার নামে চার বছর বয়সি এক শিশুর মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় গ্রেফতার নবম শ্রেণির শিক্ষার্থী মুরশালিন জিজ্ঞাসাবাদে শিশুটিকে ধর্ষণের পর হত্যার কথা স্বীকার করেছে বলে জানিয়েছে পুলিশ। ওই ঘটনার দুইদিন পরে ১৬ মে গণমাধ্যমে প্রকাশিত আরেকটি খবরে বলা হয়েছে, মুন্সিগঞ্জের সিরাজদিখান উপজেলায় ১০ বছর বয়সি এক শিশুকে ধর্ষণের পর হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় পুলিশ একজনকে গ্রেফতার করেছে। গত ১৯ মে, পাবনার চাটমোহরে টাকার প্রলোভন ও ঘর ঝাড়ু দেওয়ার কথা বলে ডেকে নিয়ে পঞ্চম শ্রেণির এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে বলেও গণমাধ্যমের খবরে বলা হয়েছে।

হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) নামের একটি মানবাধিকার সংগঠন স্থানীয় সংবাদ মাধ্যমের খবর থেকে নেওয়া তথ্যের বরাত দিয়ে ৬ মে সিলেটের জালালাবাদ এলাকার একটি ঘটনার কথা জানিয়েছে। এই ঘটনায়ও চার বছর বয়সি শিশুকে ধর্ষণের চেষ্টার পর শ্বাসরোধে হত্যা করা হয়। বেশিদিন আগের কথা নয়, মার্চ মাসে চট্টগ্রামের সীতাকুণ্ডের পাহাড়ি এলাকায় একটি শিশুর রক্তাক্ত ভিডিও ভাইরাল হয়েছিল। ওই শিশুটিও ধর্ষণচেষ্টার শিকার ও পরে শ্বাসনালি কেটে হত্যার চেষ্টা করা হয় তাকে। চিকিৎসাধীন অবস্থায় দশ বছরের নিচে বয়স ওই শিশুটিও মারা যায়। ঠিক এক বছর আগের মাগুরার আট বছর বয়সি শিশু আছিয়ার কথা কী ভুলে গেলেন? গত বছরের শুরুতে মার্চ মাসে এই শিশু ধর্ষণ ও হত্যার ঘটনার প্রতিবাদে ফেটে পড়েছিল পুরো বাংলাদেশ। এইচআরএসএস মানবাধিকার

সংগঠনটির এক বিবৃতিতে বলা হয়েছে, ২০২৫ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের এপ্রিল পর্যন্ত সারা দেশে ৫৮০ জন শিশু ধর্ষণ এবং ৩১৮ জন যৌন নিপীড়নের শিকার হয়েছে। কিন্তু প্রশ্ন হলো, এসব ঘটনা ঠেকাতে বা প্রতিরোধে বাংলাদেশে কোনো আইনি ব্যবস্থা রয়েছে কি? কীভাবেই বা এমন অপরাধ ঠেকানো যায়?

মানবাধিকার কর্মী, আইনজীবী ও আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা বলছেন, বাংলাদেশে এ ধরনের অপরাধ প্রতিরোধে সুনির্দিষ্ট কোনো আইন নেই। সুপ্রিম কোর্টের আইনজীবী ও মানবাধিকারকর্মী ফওজিয়া করিম বিবিসি বাংলাকে বলেন, "যৌন হয়রানি বা এ সংক্রান্ত অপরাধ প্রতিরোধে সুনির্দিষ্ট কোনো আইন নেই। তবে, শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধে উচ্চআদালতের নির্দেশে একটি নীতিমালা আছে, কিন্তু সেটি আইনে পরিণত হয়নি।" এই মানবাধিকার কর্মী বলেন, এ ধরনের অপরাধ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি সবচেয়ে বেশি জরুরি। অন্যদিকে, আইন-শৃঙ্খলা বাহিনী বলছে, অপরাধীর প্রোফাইল তৈরির জন্য পুলিশের একটি সফটওয়্যার রয়েছে, যাতে তার সকল তথ্য থাকে। অপরাধীর প্রথমবারের অপরাধের রেকর্ড রাখার পর আবার অপরাধ করলে পূর্ব রেকর্ড খুঁজতে গেলে ওই সফটওয়্যারে সকল তথ্য পাওয়া যাবে বলে জানান পুলিশ কর্মকর্তারা। গত চার-পাঁচ বছর ধরে এই সিস্টেমে অপরাধীর তথ্য সংরক্ষণ করা হয়। পুলিশ হেডকোয়ার্টারের মুখপাত্র এ এইচ এম শাহাদাত হোসাইন বলেন, "সামাজিক অবক্ষয়, পারিবারিক, ব্যক্তিগত ও অর্থনৈতিক দৈন্যতার কারণে সাধারণত এ ধরনের অপরাধ হয়ে থাকে।" "বিট পুলিশিং, কমিউনিটি পুলিশিংসহ নানা উপায়ে পুলিশ নিয়মিতই প্রিভেনটিভ মেজার নিয়ে থাকে। কিন্তু ব্যক্তিগত বা পারিবারিক অপরাধ প্রতিরোধ করা পুলিশের পক্ষে বেশ কষ্টসাধ্য," বলেন এই পুলিশ কর্মকর্তা।

**যৌন হয়রানি প্রতিরোধ নীতিমালায় কী বলা হয়েছে?**

বাংলাদেশে যৌন হয়রানি প্রতিরোধসংক্রান্ত সুনির্দিষ্ট কোনো আইন না থাকায় ২০০৮ সালে জাতীয় মহিলা আইনজীবী সমিতি একটি রিট করে। ওই রিটের শুনানি শেষে পরের বছর ১৪ মে রায় দেন হাইকোর্ট। শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে যৌন হয়রানি প্রতিরোধে উচ্চ আদালত একটি নীতিমালা তৈরি করে দেয়। এ ধরনের অপরাধ প্রতিরোধে বাংলাদেশের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ওই নীতিমালাটিই দেওয়া হয়েছে। আইন প্রণয়ন না হওয়া পর্যন্ত এই নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান ও কর্মক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ওয়েবসাইটে বুকলেট আকারে নীতিমালাটি রয়েছে। এর লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বলা হয়েছে, "যৌন হয়রানি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা, এর নেতিবাচক প্রভাব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং যৌন হয়রানি শাস্তিযোগ্য অপরাধ এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা।" যৌন হয়রানির সংজ্ঞাও উল্লেখ করে দেওয়া হয়েছে নীতিমালায়। সুপ্রিমকোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ফওজিয়া করিম বলেন, "সেক্সুয়াল অফেন্স করেছেন, এমন অপরাধীদের সামাজিকভাবে বয়কট করতে হবে। তাকে মসজিদ, বাজার-ঘাটসহ সবকিছু থেকে প্রতিরোধ করে বয়কট করতে হবে।" এই মানবাধিকার কর্মী জানান, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানকে এ ধরনের অপরাধের বিরুদ্ধে সোচ্চার হতে হবে। "গণমাধ্যমকে জনসচেতনতা তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। প্রত্যেকটা টিভিতে এ ধরনের ক্যাম্পেইন হবে, সেটা নিশ্চিত করতে হবে," বলেন মিজ করিম। তবে, ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড হলেও, এ ধরনের অপরাধ কেন কমছে না- এমন প্রশ্নে এই মানবাধিকার কর্মী বলেন, "উন্নত দেশে মৃত্যুদণ্ড নিষিদ্ধ।" "একজনকে মেরে ফেললেই তো শেষ, কিন্তু মানুষকেতো জানতে হবে। তাই অপরাধীকে শাস্তি দেওয়া এবং মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি করা বেশি জরুরি," বলেন মিজ করিম।

**আইন-শৃঙ্খলা বাহিনী যা বলছে**

সাধারণত, কোনো অপরাধ কার্যক্রম সংঘটিত হলে এবং থানায় সেটি নিয়ে রিপোর্ট করা হলেই আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সেই ঘটনার তদন্ত করে থাকে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "সাধারণত কোনো ঘটনা পুলিশে রিপোর্ট হলে, সেই অনুযায়ী তদন্ত করে আমরা ব্যবস্থা নেই।" প্রায় পাঁচ বছর ধরে ক্রিমিনাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম নামে একটি সফটওয়্যারে অপরাধীদের তথ্য সংরক্ষণ করছে আইন-শৃঙ্খলা বাহিনী। তবে, এই সময়ের আগের অপরাধীদের তথ্য এই সফটওয়্যারে পাওয়া যাবে না বলে জানিয়েছেন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যরা। মি. নাসিরুদ্দিন বিবিসি বাংলাকে বলেন, "ক্রিমিনাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম নামে একটি সফ্টওয়্যার আমাদের আছে। একটি মামলা হলে ওই সফটওয়্যারে আসামির নাম এন্ট্রি হয়ে যায়।" এই পুলিশ কর্মকর্তা বলেন, "ওই ঘটনার পরে অন্য কোথাও সে যদি ক্রিমিনাল অ্যাকটিভিটিজ করে অ্যারেস্ট হলে, তার নাম ও পিতার নাম দিয়ে সার্চ দিলে অন্য কোথাও মামলা আছে কি না, সেটাও বের হয়ে যায়।" "ব্যক্তিগত বা ডোমেস্টিক ভায়োলেন্সতো প্রতিরোধ করার কোনো উপায় নেই" বলে উল্লেখ করেন এই পুলিশ কর্মকর্তা। তিনি বলছেন, "ধরুন, কোনো এলাকায় ছিনতাই হচ্ছে, জানার পর আমরা আমাদের ভিজিবিলিটি বাড়িয়ে পদক্ষেপ নিতে পারি। কিন্তু ঘরে মানে ডোমেস্টিক ভায়োলেন্সতো পুলিশ দিয়ে ঠেকানো মুশকিল। কারণ এটা পরিবারের সদস্যদের মাধ্যমেও হয়।" আইন প্রয়োগ অথবা পুলিশ দিয়ে এ ধরনের অপরাধ প্রতিরোধ করা মুশকিল বলেও উল্লেখ করেন মি. নাসিরুদ্দিন। একজন নাগরিক হিসেবে এই পুলিশ কর্মকর্তা বলেন, "পারিবারিক শিক্ষা, ব্যক্তিগত ও নৈতিক মূল্যবোধ তৈরি, শিক্ষাপ্রতিষ্ঠান ও গণমাধ্যমে সচেতনতা বৃদ্ধি করলে এই ধরনের অপরাধ ঠেকানো যায়।"

**শিশু রামিসার হত্যাকাণ্ড**

পল্লবীতে শিশু রামিসাকে ধর্ষণ ও হত্যার ঘটনায় এক সপ্তাহের মধ্যে তদন্ত প্রতিবেদন দিতে নির্দেশ দিয়েছেন আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। বৃহস্পতিবার ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনারকে এই সময়ের মধ্যে তদন্ত শেষ করে প্রতিবেদন জমা দিতে নির্দেশ দিয়েছেন আইনমন্ত্রী। সাংবাদিকদের হোয়াটসঅ্যাপের এক গ্রুপে আইন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. রেজাউল করিম এই তথ্য জানিয়েছেন। আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, "দ্রুততম সময়ের মধ্যে এই হত্যাকাণ্ডের বিচারকাজ সম্পন্ন করতে যথাযথ উদ্যোগ নেওয়া হবে।" অন্যদিকে, বৃহস্পতিবার দুপুরে এক সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানান, সরকার গঠনের পর থেকে এ ধরনের প্রতিটি অপরাধের ক্ষেত্রেই আইন-শৃঙ্খলা বাহিনী তৎপর রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "শিশু রামিসা হত্যাকাণ্ডের খবর পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই আমরা আসামিকে গ্রেফতার করতে সক্ষম হয়েছি। আসামি এরই মধ্যে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দিও দিয়েছে।" এদিকে, এই ঘটনায় অভিযুক্ত সোহেল রানা ও তার স্ত্রী স্বপ্না আক্তারকে বুধবার কারাগারে পাঠিয়েছেন ঢাকার একটি বিচারিক আদালত। এই মামলার প্রধান আসামি সোহেল রানা স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন বলে সাংবাদিকদের জানিয়েছেন তদন্ত কর্মকর্তা অহিদুজ্জামান। অভিযুক্ত সোহেল তার জবানবন্দিতে কীভাবে শিশুটিকে ধর্ষণের পর হত্যা করেছেন, সেটি বর্ণনা দিয়ে 'দোষ স্বীকার' করেছেন বলে জানিয়েছেন তদন্ত কর্মকর্তা। এদিকে, ধর্ষণ আইন সংস্কার জোটের পক্ষে মানবাধিকার সংগঠন ব্লাস্ট শিশু রামিসা ধর্ষণ ও হত্যার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করেছে। এই জোটের পক্ষে দেওয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, প্রতিটি নাগরিকের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা এবং সব ধরনের সহিংসতা থেকে নাগরিকদের, বিশেষত নারী ও শিশুদের সুরক্ষা দেওয়া রাষ্ট্রের একটি বাধ্যতামূলক দায়িত্ব। সংবাদ বিজ্ঞপ্তিতে এ-ও বলা হয়েছে, এ ধরনের সহিংসতা দেশের বিদ্যমান নারী ও শিশু নির্যাতন দমন আইন, শিশু আইন ও নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ বিষয়ক জাতিসংঘের সনদের সাথে সম্পূর্ণ সাংঘর্ষিক।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ আলী আহমেদ)

## আবারও তেহরানে যাচ্ছেন পাকিস্তানের সেনাপ্রধান

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতি নিরসনে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান মধ্যস্থতা প্রচেষ্টার অংশ হিসেবে তেহরানে যাচ্ছেন পাকিস্তানের সেনাবাহিনী প্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম-এর প্রতিবেদন অনুযায়ী, আসিম মুনিরের এই সফর মূলত ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান আলোচনার ধারাবাহিকতায় অনুষ্ঠিত হচ্ছে। ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দীর্ঘদিনের অচলাবস্থা কাটিয়ে শান্তি ফেরাতে পাকিস্তান বর্তমানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর আগে, গত বুধবার তেহরান সফর করেন পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নাকভি। এক সপ্তাহের কম সময়ের মধ্যে এটি ছিল তার দ্বিতীয় সফর। সেখানে তিনি ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান ও স্বরাষ্ট্রমন্ত্রী এস্কান্দার মোমেনিসহ ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। বলা হচ্ছে যে, ওই সফরে মহসিন নাকভি ইরানের নেতৃত্বের কাছে পাকিস্তানের পক্ষ থেকে চলমান আলোচনা অব্যাহত রাখার গুরুত্ব ও যুক্তরাষ্ট্রের নতুন প্রস্তাবের বার্তা পৌঁছে দিয়েছেন। এর আগে গত ১৮ এপ্রিল তেহরান সফর করেছিলেন পাকিস্তানের সেনাবাহিনী প্রধান।
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## কিউবাকে হুমকি দেওয়া বন্ধ করুন : যুক্তরাষ্ট্রকে চীন

কিউবার সাবেক প্রেসিডেন্ট রাউল কাস্ত্রোর বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের আনা হত্যা ও ষড়যন্ত্রের অভিযোগের নিন্দা জানিয়েছে চীন। বেইজিংয়ের দাবি, কিউবার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের এই ধরনের আইনি ব্যবস্থা গ্রহণ ও হুমকি প্রদান বন্ধ করা উচিত। চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র গুও জিয়াকুন বৃহস্পতিবার নিয়মিত সংবাদ সম্মেলনে এ বিষয়ে প্রতিক্রিয়া জানান। তিনি বলেন, "যুক্তরাষ্ট্রের উচিত কিউবার ওপর থেকে নিষেধাজ্ঞা এবং বিচারিক অপব্যবহার বন্ধ করা। যে-কোনো মতবিরোধের ক্ষেত্রে বারবার শক্তি প্রয়োগের হুমকি দেওয়া বন্ধ করতে হবে।" কিউবার ৯৪ বছর বয়সি সাবেক নেতা রাউল কাস্ত্রোর বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক হত্যাসহ বেশকিছু গুরুতর অভিযোগ এনেছে যুক্তরাষ্ট্র। ১৯৯৬ সালে কিউবা ও ফ্লোরিডার মধ্যবর্তী আকাশসীমায় দুটি বিমান ভূপাতিত করার ঘটনায় মার্কিন নাগরিকদের মৃত্যুর অভিযোগ তোলা হয়েছে তার বিরুদ্ধে। তৎকালীন সময়ে কিউবার সশস্ত্র বাহিনীর কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করা রাউল কাস্ত্রো ওই ঘটনার পর আন্তর্জাতিকভাবে তীব্র সমালোচনার মুখে পড়েছিলেন।(বিবিসি ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ এলিনা)

## সমৃদ্ধ ইউরেনিয়াম বিদেশে পাঠাবে না ইরান: রয়টার্স

ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি নির্দেশ দিয়েছেন যে, দেশটিতে সংরক্ষিত উচ্চমাত্রার সমৃদ্ধ ইউরেনিয়াম বিদেশে পাঠানো যাবে না। ইরানের উচ্চপদস্থ দুই কর্মকর্তার বরাতে এই খবর জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। দেশটির সর্বোচ্চ নেতার এই নতুন নির্দেশ ওয়াশিংটনের অন্যতম প্রধান দাবির বিপরীতে সরাসরি এক চ্যালেঞ্জ হিসেবে দেখা হচ্ছে। এদিকে, ইসরায়েলি কর্মকর্তাদের বরাতে রয়টার্স আরও জানিয়েছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইসরায়েলকে এই নিশ্চয়তা দিয়েছিলেন যে, পরমাণু অস্ত্র তৈরির কাছাকাছি মাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত ইরান থেকে সরিয়ে ফেলা হবে। যে-কোনো শান্তি চুক্তির জন্য এটিকে একটি বাধ্যতামূলক শর্ত হিসেবে দেখছে ওয়াশিংটন ও তেলআবিব। কিন্তু ইরানের নতুন এই আদেশের ফলে সেই পথ এখন অনেকটাই রুদ্ধ হওয়ার শঙ্কা তৈরি হয়েছে। এই প্রতিবেদন লেখা পর্যন্ত ইরানের কোনো সরকারি বা রাষ্ট্রীয় সংবাদমাধ্যমে এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কোনো তথ্য প্রকাশ করা হয়নি।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ আলী আহমেদ)

### হরমুজ প্রণালিতে টোল আদায় অবৈধ : মার্কিন পররাষ্ট্রমন্ত্রী

হরমুজ প্রণালিতে ইরানের শুল্ক আদায়ের পরিকল্পনাকে 'সম্পূর্ণ অবৈধ ও অগ্রহণযোগ্য' বলে মন্তব্য করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। বৃহস্পতিবার মায়ামি বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই প্রতিক্রিয়া জানান। রুবিও জানান, ইরানের এই বিতর্কিত সিদ্ধান্তের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র জাতিসংঘে একটি প্রস্তাব উত্থাপন করতে যাচ্ছে এবং বিষয়টি নিরাপত্তা কাউন্সিলে তোলার প্রক্রিয়াও চলছে। তিনি দাবি করেন, এই প্রস্তাবের পক্ষে ইতোমধ্যে ১০০টিরও বেশি দেশ সমর্থন জানিয়েছে, যা নিরাপত্তা কাউন্সিলের ইতিহাসে যে-কোনো প্রস্তাবের ক্ষেত্রে সর্বোচ্চ সমর্থনের রেকর্ড। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী বলেন, "আমরা আগেও বলেছি, হরমুজ প্রণালিতে টোল ব্যবস্থার প্রবর্তন অগ্রহণযোগ্য। এটি কেবল যুক্তরাষ্ট্রের বক্তব্য নয়, পুরো বিশ্বই এ বিষয়ে একমত।" গত সপ্তাহে চীন সফরকালে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে এবং চীনও এই পরিকল্পনার বিপক্ষে অবস্থান নিয়েছে বলে তিনি উল্লেখ করেন। রুবিও বলেন, "বিশ্বের কোনো দেশই এমন শুল্ক ব্যবস্থার পক্ষে নয়। এটি কোনোভাবেই বাস্তবায়িত হতে পারে না।" ইরানকে সতর্ক করে রুবিও বলেন, এরকম নীতি অব্যাহত থাকলে যে-কোনো ধরনের কূটনৈতিক চুক্তি অসম্ভব হয়ে পড়বে। তিনি বলেন, "যদি তারা এমন কিছু করার চেষ্টা করে, তবে তা পুরো বিশ্বের জন্য হুমকি হিসেবে গণ্য হবে এবং এটি হবে সম্পূর্ণ বেআইনি।" (বিবিসি ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### ভারতের নিরাপত্তায় গুরুত্বপূর্ণ চিকেন নেক ভূখণ্ডের জমি কেন্দ্রীয় সরকারের হাতে হস্তান্তর করা হয়েছে

ভারতের নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পশ্চিমবঙ্গের কৌশলগত গুরুত্বপূর্ণ শিলিগুড়ি করিডোর বা চিকেন নেকস নামে পরিচিত সরু ভূখণ্ডের জমি ভারতের কেন্দ্রীয় সরকারের কাছে হস্তান্তর করা হয়েছে। এপ্রিলের নির্বাচনে বিজেপি জয়ের মাধ্যমে সরকার গঠনের পরপরই রাজ্য শিলিগুড়িকে তুলে দিল কেন্দ্রীয় সরকারের হাতে। পশ্চিমবঙ্গ সরকারের মুখ্য সচিবের জারি করা একটি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যোগাযোগ ব্যবস্থা উন্নত করার জন্য ওই অঞ্চলের সাতটি সড়ক ন্যাশনাল হাইওয়েস অথরিটি অফ ইন্ডিয়া ও ন্যাশনাল হাইওয়েস অ্যান্ড ইনফ্রাস্ট্রাকশন ডেভলপমেন্ট করপোরেশন লিমিটেড-এর হাতে তুলে দিয়েছে। এতদিন পর্যন্ত রাজ্য সরকারের পূর্ত দপ্তরের হাতে এই সড়কগুলো দেখ-ভালের দায়িত্ব ছিল। এই সাতটি সড়কের মধ্যে পাঁচটি সরাসরি শিলিগুড়ি করিডোরের মধ্যদিয়ে গেছে। এখন এই হস্তান্তরের ফলে রাস্তাগুলোর সম্প্রসারণ মেরামতের কাজ দ্রুত শুরু হবে বলে মনে করা হচ্ছে। আর সামরিক পর্যবেক্ষকদের মতে, রাস্তার সম্প্রসারণ হলে ওই অঞ্চলের সড়কপথে সামরিক অভিযান অনেক সহজ এবং দ্রুত হবে। ভৌগোলিক দিক থেকে চিকেন নেকের অবস্থান ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ তিনটি আন্তর্জাতিক সীমান্তের কাছে অবস্থিত এই ভূখণ্ডটি সবচেয়ে সরু। এর প্রথম মাত্র ১৭ কিলোমিটার থেকে ২২ কিলোমিটার। এই চিকেন নেক নেপাল, বাংলাদেশ ও ভুটান সীমান্তের খুব কাছাকাছি অবস্থিত। এই অঞ্চলটির লাগোয়া সিকিমের উত্তর রয়েছে ভারতের শত্রু রাষ্ট্র চীন। এই সরু ভূখণ্ডের মাধ্যমে ভারতের উত্তর পূর্বের সেভেন সিস্টার্স বা সাতটি রাজ্য যুক্ত ভারতের মূল ভূখণ্ডের সঙ্গে। ভারত মনে করে, বাংলাদেশ, পাকিস্তান ও চীন যে-কোনো সময় চিকেন নেক দখলে নিয়ে সেভেন সিস্টার্সকে ভারত থেকে আলাদা করে দিতে পারে। সেজন্য তারা সব সময় শঙ্কিত সেভেন সিস্টার্সের নিরাপত্তা নিয়ে। বিশেষ করে, ভারতের অনুগত শেখ হাসিনা সরকারের পতনের পর ভারতের ঘুম হারাম হয়ে গেছে চিকেন নেকস করিডোর ও সেভেন সিস্টার্স নিয়ে। বিশেষজ্ঞরা জাতীয় সুরক্ষার দিক থেকে রাজ্য সরকারের এই পদক্ষেপকে খুবই গুরুত্বপূর্ণ মনে করছেন। ২০১৭ সালে ভুটান, চীন, ভারত- তিন দেশের মিলিত সীমানা এলাকার ডোকলামের সামরিক সংকটের পর থেকেই এই অঞ্চলের রাস্তা সম্প্রসারণের পরিকল্পনা করে নয়াদিল্লি। বাংলাদেশে হাসিনা সরকারের পতনের পর শিলিগুড়ি কড়িডোরের নিচ দিয়ে টানেল নির্মাণের কথাও বলেছে কেন্দ্রীয় সরকার।

(রেডিও তেহরানঃ ২০৩০ ঘ, ২১.০৫.২০২৬ রুবাইয়া)

### গত ২০ দিনে বাংলাদেশে এসেছে ৩২ হাজার কোটি টাকা

ঈদকে সামনে রেখে প্রতি বছরের মতো এবারও প্রবাসী বাংলাদেশিরা বেশি বেশি অর্থ পাঠাচ্ছেন। এতে করে মাসজুড়ে রেমিট্যান্স প্রবাহে ইতিবাচক ধারা দেখা যাচ্ছে। চলতি মাসের প্রথম ২০ দিনেই দেশে রেমিট্যান্স এসেছে ২৬২ কোটি ২০ লাখ মার্কিন ডলার। এই হিসাবে প্রতিদিন গড়ে দেশে এসেছে ১৩ কোটি ১১ লাখ ডলার রেমিট্যান্স। আজ বৃহস্পতিবার (২১ মে) বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান তথ্য জানিয়েছেন। তিনি বলেন, চলতি মে মাসের প্রথম ২০ দিনে দেশে রেমিট্যান্স এসেছে ২৬২ কোটি ২০ লাখ ডলার। আর গত বছরের একই সময়ে এসেছিল ১৮৯ কোটি ৭০ লাখ ডলার। অর্থাৎ, বছর ব্যবধানে রেমিট্যান্স প্রবাহ বেড়েছে। চলতি অর্থবছরের জুলাই থেকে ২০ মে পর্যন্ত দেশে এসেছে ৩ হাজার ১৯৫ কোটি ৫০ লাখ ডলার রেমিট্যান্স। বছর ব্যবধানে যা বেড়েছে ২০ দশমিক ৯০ শতাংশ। ব্যাংক সূত্রে বলা হয়েছে, কোরবানির ঈদকে ঘিরে প্রবাসীরা দেশে থাকা তাদের আত্মীয়-স্বজনদের কাছে প্রচুর পরিমাণে অর্থ পাঠাচ্ছেন। এতেই বাড়ছে প্রবাসী আয়ের পরিমাণ। এর আগে, গত এপ্রিলে দেশে এসেছে ৩১২ কোটি ৭৩ লাখ মার্কিন ডলার। আর গত মার্চে দেশে এসেছিল ৩৭৫ কোটি ৫০ লাখ ৫০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স, যা দেশের ইতিহাসে যে কোনো এক মাসের সর্বোচ্চ। গত ফেব্রুয়ারি ও জানুয়ারি মাসে যথাক্রমে দেশে এসেছে ৩০২ কোটি ৭ লাখ ৬০

হাজার ও ৩১৭ কোটি ৯ লাখ ৪০ হাজার মার্কিন ডলার রেমিট্যান্স। গত ডিসেম্বরে দেশে রেমিট্যান্স এসেছিল ৩২২ কোটি ৬৭ লাখ ডলার, নভেম্বরে এসেছিল ২৮৮ কোটি ৯৫ লাখ ২০ হাজার ডলার রেমিট্যান্স।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ আলী আহমেদ)

## বাংলাদেশে রক্তপাতহীন স্থানীয় সরকার নির্বাচন করতে চায় ইসি : সিইসি

বাংলাদেশের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, অতীতে স্থানীয় সরকার নির্বাচনে অনেক সংঘাত ও প্রাণহানির ঘটনা ঘটেছে। এটি থামানো বড়ো চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। রক্তপাতহীন স্থানীয় সরকার নির্বাচন আয়োজনই এখন নির্বাচন কমিশনের (ইসি) প্রধান লক্ষ্য। এ জন্য তিনি রাজনৈতিক দলসহ সবার সহযোগিতা চেয়েছেন। আজ বৃহস্পতিবার রাজধানীর একটি হোটেলে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট পর্যবেক্ষণের পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রকাশ করে এশিয়ান নেটওয়ার্ক ফর ফ্রি ইলেকশনস (আনফ্রেল)। ওই অনুষ্ঠানে সিইসি এসব কথা বলেন। স্থানীয় সরকার নির্বাচনে অতীতে সংঘাতের চিত্র তুলে ধরে সিইসি বলেন, গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, সুশাসনের জন্য নাগরিকের (সুজন) তথ্যে দেখা যায়, ২০১৬ সালের স্থানীয় সরকার নির্বাচনে ২৩৬ জন নিহত হন। আর আইন ও সালিশ কেন্দ্রের (আসক) তথ্য অনুযায়ী, ২০২১ সালের ইউনিয়ন পরিষদ নির্বাচনে নিহত হন ১১৬ জন। স্থানীয় সরকার নির্বাচনকে ইসির জন্য 'বিরাট চ্যালেঞ্জ' হিসেবে উল্লেখ করে সিইসি বলেন, দেশে ৪ হাজার ৫৮১টি ইউনিয়ন পরিষদ, ৪৯৫টি উপজেলা পরিষদ, ৬১টি জেলা পরিষদ, ১৩টি সিটি করপোরেশন এবং প্রায় ৩৩০টি পৌরসভার নির্বাচন আয়োজন করতে হবে। এসব নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে কমিশন সর্বাত্মক চেষ্টা চালাবে বলেও জানান তিনি। ঋণখেলাপিদের জাতীয় নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ নিয়ে এক প্রশ্নের জবাবে সিইসি বলেন, বিষয়টি আদালতে বিচারাধীন থাকায় তিনি এ নিয়ে কোনো মন্তব্য করতে চান না। তবে এ ক্ষেত্রে নির্বাচন কমিশন 'চেরি পিক' বা বাছাই করে সিদ্ধান্ত নেয়নি বলে মন্তব্য করেন তিনি। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে নির্বাচন কমিশনের চলমান কর্মশালার প্রসঙ্গ টেনে এ এম এম নাসির উদ্দিন বলেন, কোথায় কোথায় উন্নতির সুযোগ আছে, তা চিহ্নিত করা হয়েছে। কারণ, একটি কমিশন দুটি জাতীয় নির্বাচন করতে পারে না। তারা একটা নির্বাচন করে বিদায় হয়ে যায়। নতুন কমিশন এসে নতুন করে শুরু করে। তাই তাদের জন্য নির্বাচনের অভিজ্ঞতা রেখে দিতে চায় বর্তমান কমিশন।(রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## এপ্রিলে মধ্যপ্রাচ্য থেকে জাপানে আমদানিকৃত অপরিশোধিত তেলের পরিমাণে ৬৭ শতাংশ হ্রাস

এ বছর এপ্রিলে মধ্যপ্রাচ্য থেকে জাপানে আমদানি করা অপরিশোধিত তেলের পরিমাণ গত বছরের একই সময়ের তুলনায় প্রায় দুই-তৃতীয়াংশ হ্রাস পেয়েছে। হরমুজ প্রণালি কার্যত বন্ধ থাকার কারণেই এমনটি ঘটেছে। অর্থ মন্ত্রণালয় জানিয়েছে, গত বছরের একই সময়ের তুলনায় এই পরিমাণ ৬৭.২ শতাংশ হ্রাস পেয়ে, প্রায় ৩.৮ মিলিয়ন কিলোলিটারে দাঁড়িয়েছে। ন্যাপথাসহ তেলজাত পণ্যের চালান কমে গিয়েছে ৭৯.৪ শতাংশ। মধ্যপ্রাচ্য থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের চালান হ্রাস পেয়েছে ৭৬.১ শতাংশ। ঘাটতি পূরণের জন্য জাপান অন্যান্য দেশ ও অঞ্চল থেকে তেলজাত পণ্য সংগ্রহের চেষ্টা করেছে। এদিকে, মার্কিন যুক্তরাষ্ট্র থেকে অপরিশোধিত তেল আমদানি ৩৮.৮ শতাংশ বেড়েছে। এর পাশাপাশি দেশটি থেকে ন্যাপথার আমদানিও খুব দ্রুত বৃদ্ধি পেয়েছে। এপ্রিল মাসে অর্থ মন্ত্রণালয় প্রণীত জাপানের বাণিজ্যিক ভারসাম্য বিষয়ক প্রতিবেদনে তেল আমদানির পরিসংখ্যান অন্তর্ভুক্ত ছিল। সামগ্রিকভাবে ওই মাসে জাপান প্রায় ৩০২ বিলিয়ন ইয়েন বা প্রায় ১.৯ বিলিয়ন ডলার উদ্বৃত্ত অর্জন করেছে। সেমিকন্ডাক্টর-সম্পর্কিত পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় রপ্তানির মূল্য বেড়েছে ১৪.৮ শতাংশ। আমদানি ৯.৭ শতাংশ বেড়েছে।
(এনএইচকে ওয়েব পেজ : ২১.০৫.২০২৬ নারগীস)

# ডয়চে ভেলে

## বাংলাদেশে রেকর্ড বিদ্যুৎ উৎপাদনের পরেও লোডশেডিং

বাংলাদেশ সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদনের নতুন রেকর্ড গড়েছে। পাওয়ার গ্রিড বাংলাদেশের তথ্য অনুযায়ী, দেশের মোট বিদ্যুৎ উৎপাদন পৌঁছেছে ১৭ হাজার ২০০ মেগাওয়াটে। বুধবার রাত ৯টায় এই মাইলফলক স্পর্শের ঘটনা ঘটে। এর আগে, দেশে সর্বোচ্চ উৎপাদনের রেকর্ড ছিল ১৬ হাজার ৭৯৪ মেগাওয়াট। ২০২৫ সালের ২৩ জুলাই এটি অর্জিত হয়েছিল। বিষয়টি নিশ্চিত করে পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি'র মুখপাত্র নাহিদ হাসান বলেন, "সন্ধ্যার চাহিদা বৃদ্ধির সময় দেশে নতুন এই উৎপাদন রেকর্ড অর্জিত হয়েছে।" তবে রেকর্ড উৎপাদনের পরও ওই সময়ে প্রায় ৪০০ মেগাওয়াট লোডশেডিং হয়েছে বলে জানিয়েছে পাওয়ার গ্রিড। পাওয়ার গ্রিডের তথ্য অনুযায়ী, ওই সময়ে বিদ্যুতের চাহিদা রেকর্ড উৎপাদনের মাত্রাকেও ছাড়িয়ে গিয়েছিল। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রনি)

## অন্তর্বর্তী সরকারের কর্মকাণ্ডের বৈধতা চ্যালেঞ্জ করা রিট হাইকোর্টে খারিজ

ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের মেয়াদে পরিচালিত কর্মকাণ্ডের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা একটি রিট আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। রিট আবেদনের ওপর শুনানি শেষে বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ বৃহস্পতিবার এই আদেশ দেন। আদালতে রিট

আবেদনকারীর পক্ষে শুনানি করেন সিনিয়র অ্যাডভোকেট এম কে রহমান, আর রাষ্ট্রপক্ষে রিটের বিরোধিতা করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক। রিট আবেদনকারী অ্যাডভোকেট মোহাম্মদ মহসেন রশিদ দ্য ডেইলি স্টারকে জানান, তিনি হাইকোর্টের এই আদেশের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল করবেন। গত ৪ মে তিনি হাইকোর্টে এই আবেদনটি জমা দেন। আবেদনে ড. ইউনূসের বিরুদ্ধে কোনো দুর্নীতির অভিযোগ আছে কি না, তা খতিয়ে দেখতে একটি কমিশন গঠন করার জন্য সরকারের প্রতি নির্দেশনা চাওয়া হয়েছিল। তিনি আরো জানান, ওই সরকারের আমলে নেওয়া বিভিন্ন সিদ্ধান্ত, প্রণীত আইন, সংস্কার কমিশন গঠন এবং দেশি-বিদেশি চুক্তির বৈধতা নিয়েও রিটে প্রশ্ন তোলা হয়। এর আগে, এই আইনজীবী অন্তবর্তী সরকারের শপথ গ্রহণ ও গঠনের বৈধতা চ্যালেঞ্জ করে আরেকটি রিট আবেদন করেন। তবে হাইকোর্টের একটি বেঞ্চ সেই আবেদনটি খারিজ করে দেন। পরে ওই খারিজ আদেশের বিরুদ্ধে আপিল করা হলে সুপ্রিম কোর্ট অন্তবর্তী সরকারের বৈধতা বহাল রাখেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রনি)

## মার্কিন প্রস্তাব খতিয়ে দেখছে ইরান

ইরান জানিয়েছে, যুদ্ধ শেষ করার জন্য মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাব তারা খতিয়ে দেখছে। প্রেসিডেন্ট ট্রাম্প জানিয়েছেন, ইরানের কাছ থেকে উত্তর পাওয়ার জন্য তিনি কয়েকদিন অপেক্ষা করতে রাজি। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, আমরা মার্কিন প্রস্তাব পেয়েছি এবং তা খতিয়ে দেখছি। দুই পক্ষের মধ্যে বার্তা বিনিময় হচ্ছে পাকিস্তানের মাধ্যমে। পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী বুধবার ইরানে ছিলেন। ছয় সপ্তাহ আগে যুদ্ধবিরতির ঘোষণা হলেও, যুদ্ধ বন্ধের আলোচনা খুব বেশি দূর এগোয়নি। এর মধ্যে তেলের দাম বেড়েছে। ফলে বিশ্বের অর্থনীতিতে প্রবল চাপ পড়ছে। নভেম্বরে মধ্যবর্তী নির্বাচনের আগে ট্রাম্পও প্রবল চাপের মধ্যে পড়েছেন। ট্রাম্প সাংবাদিকদের বলেছেন, "বিশ্বাস করুন, যদি দ্রুত উত্তর না পাই, তাহলে আমরাও খুব তাড়াতাড়ি ব্যবস্থা নেব। কয়েকদিন আমরা অপেক্ষা করব। হয় চুক্তি হবে, না হলে আমরা ভয়ংকর কিছু করব। আশা করি, সেই কাজ করার দরকার আমাদের হবে না।"
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রনি)

# জাগো নিউজ

## শিশুকে বলাৎকার-আত্মহত্যা, প্ররোচনার অভিযোগে মাদ্রাসা শিক্ষার্থী গ্রেফতার

রাজধানীর বনশ্রী এলাকার একটি মাদ্রাসায় ১০ বছর বয়সি এক শিশু শিক্ষার্থীকে বলাৎকার ও আত্মহত্যায় প্ররোচনার অভিযোগের মামলায়, প্রতিষ্ঠানটির অন্য এক ছাত্রকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতার ছাত্রের নাম- মো. শিহাব হোসেন (১৯)। বুধবার (২০ মে) রাতে পাবনা জেলার বেড়া থানা এলাকা থেকে রামপুরা থানা পুলিশের একটি দল তাকে গ্রেফতার করে। বৃহস্পতিবার (২১ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মতিঝিল বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মোহাম্মদ হারুন অর রশিদ গ্রেফতারের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারে বিবেচনায় আসবে না ধর্ষণ মামলা

রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের ক্ষেত্রে ধর্ষণ মামলা বিবেচনায়ই আসবে না। এ সংক্রান্ত কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৃহস্পতিবার (২১ মে) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান এ কথা জানিয়েছেন। আইনমন্ত্রী বলেন, রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের জন্য সরকার যে কমিটি করেছে, সে কমিটির আজকে প্রথম মিটিং ছিল। রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহারের ক্ষেত্রে সেখানে আমাদের সিদ্ধান্ত হয়েছে, কোনো রেপ কেস (ধর্ষণ মামলা) বিবেচনায় আসবে না। কোনো ধর্ষণ মামলা প্রত্যাহারের বিবেচনার বিষয়টি তালিকাতেই আসবে না। এটা আমাদের আজকের সিদ্ধান্ত। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## রামিসা হত্যার বিচার দ্রুত করার জন্য যা কিছু সম্ভব, সবটুকুই করবো

পল্লবীতে শিশু রামিসা হত্যার বিচার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য যা কিছু করা সম্ভব, সরকার সবটুকুই করবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। মাগুরার শিশু আছিয়ার বিচারের মতো রামিসা হত্যার দ্রুত বিচারের মাধ্যমে সরকার আরেকটা দৃষ্টান্ত স্থাপন করবে বলেও জানিয়েছেন তিনি। বৃহস্পতিবার (২১ মে) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা জানান। দ্রুত বিচার ট্রাইব্যুনালে নয়, রামিসা হত্যার বিচার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে হবে বলেও জানিয়েছেন আইনমন্ত্রী। আছিয়ার মামলায় এখনো অপরাধীর ফাঁসি কার্যকর হয়নি। তারপর এরকম একটি ঘটনা রামিসার ক্ষেত্রে ঘটলো এবং সেক্ষেত্রে রামিসার বাবা বিচার ব্যবস্থার ওপর অনাস্থার কথা বলেছেন- এ বিষয়ের দৃষ্টি আকর্ষণ করলে আইনমন্ত্রী বলেন, রামিসার বাবা যেটা বলেছেন, সেটা ওনার জায়গা থেকে উনি অনুভব করেছেন, সেটা আমি বলবো না, উনি অমূলক কিছু বলেছেন। বাংলাদেশের বিচার ব্যবস্থায় যে মামলার জট, সেই জট নিরসনের তিনি আরও বলেন, আছিয়ার ক্ষেত্রে যেটা ঘটেছে, আমরা আমাদের হাতে যতটুকু ছিল, সাতদিনের মধ্যে চার্জশিট দেওয়ার ব্যবস্থা করেছিলাম। ১ মাসের মধ্যে ট্রায়াল শেষ হয়েছিল। এর থেকে দ্রুততম সময়ে যদি বিচার করা হয়, তাহলে সেই বিচার প্রশ্নবিদ্ধ হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## ‘আই ডোন্ট কেয়ার গ্রুপ’ ও ‘কবজিকাটা গ্রুপ’ চলে আহমদের কথায়

রাজধানীর মোহাম্মদপুর থেকে একটি দেশীয় পিস্তল ও ১০ রাউন্ড গুলিসহ ‘আই ডোন্ট কেয়ার গ্রুপ’ প্রধান এবং ‘কবজিকাটা গ্রুপ’-এর দ্বিতীয় প্রধান আহমেদকে (২৫) গ্রেফতার করেছে র‍্যাব-২। বৃহস্পতিবার (২১ মে) সকালে র‍্যাব-২ এর উপ-পরিচালক (মিডিয়া) মেজর এম মুবীন রহমান তাপস এ তথ্য জানান। তিনি বলেন, বুধবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে রাজধানীর মোহাম্মদপুর থানার চাঁদ উদ্যান এলাকায় অভিযান চালানো হয়। এসময় আহমেদকে একটি অবৈধ দেশীয় পিস্তল ও ১০ রাউন্ড গুলিসহ গ্রেফতার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আহমেদ জানিয়েছেন, তিনি ও তার সহযোগীরা মোহাম্মদপুর, আদাবরসহ আশপাশের বিভিন্ন এলাকায় অস্ত্র, মাদক ও অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত ছিলেন। তারা বিভিন্ন সময় অস্ত্রের মহড়া ও প্রদর্শনের মাধ্যমে এলাকায় আতঙ্ক সৃষ্টি করতেন বলেও জানায় র‍্যাব। র‍্যাবের এই কর্মকর্তা জানান, গ্রেফতার আহমেদ ‘কবজিকাটা গ্রুপের’ দ্বিতীয় প্রধান এবং ‘আই ডোন্ট কেয়ার গ্রুপের’ প্রধান হিসেবে পরিচিত। মেজর এম মুবীন রহমান তাপস আরও জানান, সিডিএমএস যাচাই ও বিভিন্ন সূত্রে জানা গেছে, গ্রেফতার আহমেদের বিরুদ্ধে রাজধানীর বিভিন্ন থানায় সন্ত্রাস, চাঁদাবাজি, ছিনতাই ও দস্যুতাসহ একাধিক মামলা রয়েছে। তার বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## শান্তিরক্ষা কার্যক্রম বাংলাদেশের চোখে ‘মানবতার প্রতি গভীর দায়িত্ব’

জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমকে বাংলাদেশ মানবতার প্রতি গভীর নৈতিক দায়িত্ব হিসেবে দেখে বলে উল্লেখ করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। মরক্কোর রাজধানী রাবাতে অনুষ্ঠিত ফ্রাঙ্কোফোন পরিবেশে শান্তিরক্ষা বিষয়ক দ্বিতীয় মন্ত্রী পর্যায়ের সম্মেলনে জাতিসংঘ শান্তিরক্ষায় বাংলাদেশের অবস্থান ও অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়েছে। ২০ মে আয়োজিত এ সম্মেলনে বক্তব্য দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। শামা ওবায়েদ বলেন, বাংলাদেশ বহুপাক্ষিকতার প্রতি অটল থেকে বিশ্বশান্তি রক্ষায় আরও দায়িত্বশীল ভূমিকা রাখছে। একইসঙ্গে তিনি শান্তিরক্ষীদের নিরাপত্তা, নারীর অংশগ্রহণ এবং শান্তিরক্ষা ব্যবস্থার সংস্কারে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে বাংলাদেশ শান্তিরক্ষা কার্যক্রমকে শুধু একটি দায়িত্ব হিসেবে নয়, বরং মানবতার প্রতি গভীর নৈতিক দায়িত্ব হিসেবে দেখে। বহুপাক্ষিকতার প্রতি বাংলাদেশের অটল অবস্থান তুলে ধরে প্রতিমন্ত্রী বলেন, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ বিশ্বের অন্যতম বৃহৎ অবদানকারী দেশ। তিনি শান্তিরক্ষায় দায়িত্ব পালনকালে প্রাণ হারানো ১৭৪ জন বাংলাদেশি সদস্যের প্রতি শ্রদ্ধা জানান। নারী শান্তিরক্ষীদের ক্রমবর্ধমান অংশগ্রহণকে তিনি বাংলাদেশের অর্জন হিসেবে উল্লেখ করেন। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পররাষ্ট্রনীতির ধারাবাহিকতা এবং সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সময় তা আরও শক্তিশালী হওয়ার কথা উল্লেখ করে শামা ওবায়েদ বলেন, সামাজিক সুরক্ষা, শিক্ষা সংস্কার ও নারীর ক্ষমতায়নে চলমান উদ্যোগগুলো টেকসই শান্তির ভিত্তি তৈরি করছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## মিরপুরে পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ৪১

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) মিরপুর থানা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ৪১ জনকে গ্রেফতার করেছে মিরপুর মডেল থানা পুলিশ। বুধবার (২০ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য জানান। মিরপুর মডেল থানার বরাত দিয়ে এন এম নাসিরুদ্দিন বলেন, বুধবার (২০ মে) মিরপুর মডেল থানা পুলিশ ওই থানার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত ৪১ জনকে গ্রেফতার করে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## ‘তৃণমূলে ন্যায়বিচার নিশ্চিত করতে গ্রাম আদালতের বিকল্প নেই’

‘তৃণমূল পর্যায়ে দ্রুত, স্বল্প খরচে ও সহজ উপায়ে ন্যায়বিচার নিশ্চিত করতে গ্রাম আদালত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।’ বুধবার (২০ মে) রাজধানীর একটি হোটেলে ঢাকা ও ময়মনসিংহ বিভাগের জেলা তথ্য কর্মকর্তাদের সঙ্গে গ্রাম আদালত সক্রিয়করণে প্রচার কার্যক্রম বিষয়ক মতবিনিময় সভায় বক্তারা এ কথা বলেন। গণযোগাযোগ অধিদপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুল জলিলের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন ‘বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ-৩য় পর্যায় প্রকল্প’-এর জাতীয় প্রকল্প পরিচালক ও স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব সুরাইয়া আক্তার জাহান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে থাই নাগরিক হত্যার ঘটনায় আরেক থাই নাগরিক কারাগারে

চট্টগ্রাম বন্দরের চার্লি অ্যাংকরে অবস্থান করা বিদেশি জাহাজে ছুরিকাঘাতে এক থাই নাগরিককে হত্যার অভিযোগে গ্রেফতার আরেক থাই নাগরিক তুরাকর্ণ বুরুসিকে কারাগারে পাঠিয়েছেন আদালত। বুধবার (২০ মে) তুরাকর্ণ বুরুসিকে চট্টগ্রাম জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

আনোয়ারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুবায়ের চৌধুরী বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে, হত্যার ঘটনায় ‘এমভি কেপিপি-০১’ জাহাজটির লোকাল এজেন্টের প্রতিনিধি একরামুল হক বাদী হয়ে আনোয়ারা থানায় মামলা করেন বলে জানান ওসি। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## যাত্রীসেবায় কোনো অনিয়ম মেনে নেওয়া হবে না : নৌপরিবহণ প্রতিমন্ত্রী

পবিত্র ঈদুল আজহা সামনে রেখে রাজধানীর সদরঘাট লঞ্চ টার্মিনালে যাত্রীসেবা নিশ্চিত করতে এবং নিরাপত্তা জোরদারে সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন, নৌপরিবহণ প্রতিমন্ত্রী মো. রাজিব আহসান। বুধবার (২০ মে) বিকেলে লঞ্চ টার্মিনাল পরিদর্শনে গিয়ে প্রতিমন্ত্রী এই নির্দেশনা দেন। এসময় তিনি টার্মিনালের সার্বিক পরিস্থিতি, যাত্রীসেবা ও নিরাপত্তা-ব্যবস্থা ঘুরে দেখেন। পরিদর্শনকালে প্রতিমন্ত্রী লঞ্চ মালিক, সংশ্লিষ্ট কর্মকর্তা ও শ্রমিক প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি যাত্রীদের ভোগান্তি কমানো, অতিরিক্ত ভাড়া আদায় বন্ধ ও লঞ্চে অতিরিক্ত যাত্রী বহন না করার বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক উন্নয়নে ২৫০৬ কোটি টাকা অনুমোদন

সিলেট-চারখাই-শেওলা মহাসড়ক চার লেনে উন্নীত করার প্রকল্পের পূর্ত কাজের জন্য ২ হাজার ৫০৬ কোটি টাকা ব্যয়ের অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়-সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বুধবার (২০ মে) কমিটির বৈঠকে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এই অনুমোদন দেওয়া হয়। সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সভাপতিত্বে বৈঠকটি হয়। প্রকল্পটি বাস্তবায়ন করবে সড়ক ও জনপথ অধিদপ্তর। প্রকল্পের আওতায় মোট ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৫০৬ কোটি ৭ লাখ ৩৬ হাজার ২৫৫ টাকা, যা সরকারি অর্থায়ন ও বিশ্বব্যাংকের ঋণের সমন্বয়ে বাস্তবায়িত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## শিশু রামিসাকে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে জবি ছাত্রী সংস্থার মানববন্ধন

রাজধানীর মিরপুরের পল্লবীতে সাত বছরের শিশু রামিসাকে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে মানববন্ধন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শাখা ইসলামী ছাত্রী সংস্থা। বুধবার (২০ মে) সন্ধ্যা ৬টার দিকে বিশ্ববিদ্যালয়ের ভাস্কর্য চত্বরে এক সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে এ কর্মসূচি শেষ করেন তারা। এ সময়ে জবি ছাত্রী সংস্থার নেত্রীরা উপস্থিত ছিলেন। মানববন্ধনে ছাত্রী সংস্থা জবি শাখার নেতা-কর্মীরা দেশে চলমান বিচারহীনতার সংস্কৃতি নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। তারা বলেন, শিশু রামিসাকে ধর্ষণের পর নির্মমভাবে হত্যা ও মরদেহ দ্বিখণ্ডিত করার এই বর্বরোচিত ঘটনা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। অতীতে তনু হত্যাকাণ্ড এবং হাদি হত্যার আসামিদের এখনো উপযুক্ত শাস্তি না হওয়ায়, এই বিচারহীনতার সুযোগেই দেশে প্রতিনিয়ত এমন জঘন্য অপরাধের পুনরাবৃত্তি ঘটছে। এসময় প্রশাসন ও আইন ব্যবস্থার কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলে তারা রামিসা ও হাদি হত্যার আসামিদের দ্রুততম সময়ে সর্বোচ্চ ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জোর দাবি জানান। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## অষ্টম শ্রেণিতে থাকছে না রেজিস্ট্রেশন, ষষ্ঠেও বাতিলের দাবি

মাধ্যমিক স্তরে ওঠার পর শিক্ষার্থীদের একের পর এক বোর্ডের অধীনে রেজিস্ট্রেশন (নিবন্ধন) করতে হয়। ষষ্ঠ, অষ্টম ও নবম শ্রেণিতে এ প্রক্রিয়া চলে। এতে একদিকে যেমন শিক্ষার্থীদের তিন দফা ফি গুনতে হয়, তেমনই শিক্ষকরাও এ রেজিস্ট্রেশনের কাজে জড়িয়ে পড়ায় ক্লাসে বিঘ্ন ঘটে। সার্ভার জটিলতা, প্রত্যন্ত অঞ্চলে ইন্টারনেট সংযোগের অপ্রতুলতায় চরম ভোগান্তি পোহাতে হয় প্রধান শিক্ষকদেরও। বছর জুড়ে দফায় দফায় নির্দেশনা দিয়েও অনেক সময় শতভাগ শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করা সম্ভব হয় না। প্রযুক্তিগত জটিলতা, শিক্ষকদের কাজের চাপ এবং শিক্ষার্থীদের মানসিক চাপের কথা বিবেচনা করে অষ্টম শ্রেণিতে রেজিস্ট্রেশন বাতিল করার নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। বুধবার (২০ মে) এক বিজ্ঞপ্তিতে এ স্থগিতাদেশ দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বর্তমানে জেএসসি পরীক্ষা স্থগিত আছে। তা ছাড়া, একজন শিক্ষার্থী ষষ্ঠ শ্রেণিতে ভর্তির সময় এবং নবম শ্রেণিতে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করে থাকে। শিক্ষার্থীদের অষ্টম শ্রেণিতে রেজিস্ট্রেশন বাড়তি চাপ সৃষ্টি করবে ও অভিভাবকদের মনে বিরূপ প্রভাব তৈরি করবে বিধায় সব শিক্ষা বোর্ডের আওতাধীন অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশন স্থগিত করা প্রয়োজন। এমতাবস্থায়, দেশের সব মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশন স্থগিত বা বন্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো- বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## এসএসসির উচ্চতর গণিতে ভুলে ভরা প্রশ্ন, দুশ্চিন্তায় পরীক্ষার্থীরা

চলতি বছরের এসএসসি পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডের উচ্চতর গণিতের প্রশ্নপত্রে বেশ কয়েকটি ভুল প্রশ্ন দেওয়ার অভিযোগ উঠেছে। এতে পরীক্ষার হলে প্রশ্নগুলো সমাধানে শিক্ষার্থীদের মানসিক চাপে পড়তে হয়েছে। ভুলে ভরা প্রশ্ন সমাধান করতে না পেরে পরীক্ষার্থীরা পড়েছেন চরম দুশ্চিন্তায়। এসব প্রশ্নে তারা নম্বর পাবে কি না, তা নিয়ে সংশয়ে পরীক্ষার্থীরা। শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা যায়, গত ১৭ মে ঢাকা শিক্ষা বোর্ডে এসএসসির উচ্চতর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষার প্রশ্নপত্রের ‘ক’ বিভাগের বীজ গণিত অংশের ২ নং-এর ‘খ’ নম্বর প্রশ্নটি ভুল।

বীজগণিত অংশের ৪ নং-এর 'খ' নম্বর প্রশ্নটি নিয়েও আপত্তি রয়েছে পরীক্ষার্থীদের। এছাড়া, প্রশ্নপত্রের 'খ' বিভাগের জ্যামিতি ও ভেক্টর অংশে ৬ নং-এর 'গ' নম্বর প্রশ্নটি ভুল দেওয়া হয়েছে। ভুল থাকা তিনটি প্রশ্নে মোট নম্বর ১২।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## ১ জুলাই থেকে ম্যানুয়াল চালান বন্ধ, সরকারি সব অর্থ জমা হবে 'এ-চালানে'

সরকারি রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি আদায়ে আগামী ১ জুলাই থেকে সম্পূর্ণভাবে ম্যানুয়াল চালান পদ্ধতি বন্ধ করে শতভাগ 'এ-চালান' ব্যবস্থা চালুর সিদ্ধান্ত নিয়েছে সরকার। একইসঙ্গে, সরকারি দপ্তরগুলোর বাণিজ্যিক ব্যাংকে থাকা সব অর্থ আগামী ৩০ জুনের মধ্যে ট্রেজারি সিংগেল অ্যাকাউন্টে (টিএসএ) স্থানান্তরের নির্দেশ দেওয়া হয়েছে। গত ১৮ মে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সরকারি ঋণ ও আর্থিক সম্পদ ব্যবস্থাপনা অনুবিভাগ থেকে এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়। উপ-সচিব ইশরাত জাবিন স্বাক্ষরিত পরিপত্রে বলা হয়, সরকারের নগদ অর্থ ব্যবস্থাপনা শক্তিশালী করা, সরকারি অর্থের স্বচ্ছতা নিশ্চিত করা এবং ঋণের সুদজনিত ব্যয় কমানোর লক্ষ্যেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিপত্রে বলা হয়, বাংলাদেশের সংবিধান অনুযায়ী সরকারের সব রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি 'সংযুক্ত তহবিল' অথবা 'প্রজাতন্ত্রের সরকারি হিসাব'-এ জমা হওয়ার বিধান রয়েছে। ট্রেজারি রুলস অনুযায়ী, এসব অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত ট্রেজারি সিংগেল অ্যাকাউন্টের (টিএসএ) মাধ্যমে পরিচালিত হওয়ার কথা। এ হিসাবের বাইরে অন্য কোনো ব্যাংক হিসাবে সরকারি অর্থ লেনদেনের সুযোগ নেই। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০১৬ রুবাইয়া)

## টিকাদানে ঘাটতি জনস্বাস্থ্যে অগ্রগতিকে কীভাবে পিছিয়ে দেয় হাম তার প্রমাণ

একটি দেশে টিকাদানের ঘাটতি কত দ্রুত জনস্বাস্থ্যে কয়েক দশকের অগ্রগতিকে পিছিয়ে দিতে পারে, বাংলাদেশে চলমান হামের প্রাদুর্ভাব সেটিরই প্রমাণ। গ্লোবাল অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স পার্টনারশিপ (গার্প)-বাংলাদেশের সভাপতি ডা. ওয়াসিফ আলী খান এমন মন্তব্য করেছেন। আইসিডিডিআর,বি-এর ইনফেকশাস ডিজিজেস ডিভিশনের এন্টারিক অ্যান্ড রেসপিরেটরি ইনফেকশন্স ইউনিটের এ বৈজ্ঞানিক বলেছেন, সংক্রমণ কমানো, অ্যান্টিবায়োটিকের ব্যবহার হ্রাস এবং জীবাণুর ঔষধ-প্রতিরোধী ক্ষমতা মোকাবিলায় বৃহত্তর প্রচেষ্টাকে বেগবান করার জন্য টিকা সবচেয়ে কার্যকর এবং সাশ্রয়ী উপায়গুলোর একটি। তিনি বলেন, টিকার মাধ্যমে প্রতিরোধ করা প্রতিটি সংক্রমণ অ্যান্টিবায়োটিকের ব্যবহার এবং ঔষধ-প্রতিরোধী জীবাণুর বিস্তার কমানোর সম্ভাবনা তৈরি করে। বাংলাদেশের চলমান হামের প্রাদুর্ভাব আমাদের মনে করিয়ে দেয়, টিকাদানের ঘাটতি কত দ্রুত জনস্বাস্থ্যে কয়েক দশকের অগ্রগতিকে পিছিয়ে দিতে পারে। ওয়ান হেলথ ট্রাস্ট ও আইসিডিডিআর,বি-র নেতৃত্বে পরিচালিত গার্প প্রকাশিত একটি নতুন পলিসি ব্রিফে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রুবাইয়া)

## রামিসা হত্যার বিচার দাবিতে মিরপুরে সড়ক অবরোধ, বিক্ষোভ

সাত বছর বয়সি শিশু রামিসা আক্তার ধর্ষণ ও হত্যাকাণ্ডের ঘটনায় আসামির ফাঁসির দাবিতে রাজধানীর মিরপুরে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন স্থানীয়রা। বৃহস্পতিবার (২১ মে) বিকেলে রাজধানীর মিরপুর-১০ থেকে ১২ নম্বর সড়ক অবরোধ করে বিক্ষুব্ধরা। এতে ওই সড়কে যান চলাচল বন্ধ হয় যায়। এ সময় বিক্ষুব্ধদের 'জাস্টিস জাস্টিস, উই ওয়ান্ট জাস্টিস', 'বিচার চাই, বিচার চাই', 'আমার বোন খুন হলো কেন', 'অপরাধীর আস্তানা, ভেঙে দাও গুড়িয়ে দাও', 'ফাঁসি ফাঁসি ফাঁসি চাই, আসামির ফাঁসি চাই'- ইত্যাদি স্লোগান দিতে দেখা যায়। বিক্ষোভে অংশ নেওয়া সামিউল হক নামের একজন বলেন, ৭ দিন নয়, ২৪ ঘণ্টার মধ্যে ফাঁসি দিতে হবে, এটাই আমাদের দাবি। বাংলাদেশে অনেক বিচার হয় না। এ জন্য আমরা দিনের পর দিন, মাসের পর মাস অপেক্ষা করতে চাই না।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## সীমান্তে কড়াকড়ি, হাটে নেই ভারতীয় গরু

তিন দিক ভারতীয় সীমান্ত ঘেরা পঞ্চগড়ে কোরবানির ঈদ এলেই ভারতীয় গরুর আধিপত্য দেখা যেত বিভিন্ন পশুর হাটে। ভারতীয় গরুর দখলেই থাকতো এসব হাট। তবে এবারের দৃশ্যপট ভিন্ন। সীমান্তে নজরদারি বাড়ানোর কারণে কোরবানির হাটে এবার ভারতীয় গরুর দেখা নেই বললেই চলে। এসব হাট এখন ছোটো-বড়ো দেশীয় গরুর দখলে। ভারতীয় গরু না আসায় গৃহস্থ ও খামারিদের মাঝে স্বস্তি দেখা গেছে। স্থানীয় চাহিদা মিটিয়ে জেলায় পালন করা গরু চলে যাচ্ছে দেশের বিভিন্ন জেলায়। ক্রেতারাও তুলনামূলক সহনীয় দামে কোরবানির পশু কিনতে পারায় বলছেন সন্তুষ্টির কথা। উত্তরের জেলা পঞ্চগড়ের তিনদিকে ২৮৪ কিলোমিটার এলাকাজুড়ে রয়েছে ভারতীয় সীমান্ত। প্রতিবছর কোরবানির ঈদের আগে বিভিন্ন সীমান্ত দিয়ে অবাধে ভারতীয় গরু ঢুকে সয়লাব হয়ে যেত জেলার বিভিন্ন এলাকার কোরবানির পশুর হাট। কিন্তু এবার বদলে গেছে সেই চিত্র। সীমান্তে কড়া নজরদারি এবং অবৈধ পথে গরু আনার ঝুঁকি বাড়ায় ভারতীয় গরুর চোরাচালান প্রায় বন্ধ। এসব কোরবানির পশুর হাট ভরে গেছে দেশীয় গরুতে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে নতুন বরাদ্দ ১৫ হাজার ৪৯৯ কোটি টাকা

দেশের জ্বালানি খাতের ইতিহাসে এক অনন্য মাইলফলক স্পর্শ করেছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। গত ৭ এপ্রিল প্রকল্পের প্রথম ইউনিটে আনুষ্ঠানিকভাবে পারমাণবিক জ্বালানি বা ফুয়েল লোডিং কার্যক্রম শুরু হয়েছে। সবকিছু ঠিক

থাকলে আগামী জুলাই মাসের মধ্যেই এই কেন্দ্র থেকে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করছে কর্তৃপক্ষ। মূলত, প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে নিতেই এই বড়ো ধরনের বরাদ্দ দেওয়া হয়েছে। পরিকল্পনা কমিশন থেকে জানা গেছে, নির্মাণকাজের অগ্রগতি এবং সংশোধিত প্রকল্প ব্যয়ের চাপ সামাল দিতে চলতি (২০২৫-২৬) অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) থেকে আরও ৫ হাজার ৮৮ কোটি টাকা বাড়তি বরাদ্দ চেয়েছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। বর্তমানে প্রকল্পটির জন্য চলতি অর্থবছরের আরএডিপিতে বরাদ্দ রয়েছে ১০ হাজার ১১ কোটি ৭৮ লাখ টাকা। নতুন প্রস্তাব অনুমোদিত হলে এই বরাদ্দ বেড়ে দাঁড়াবে প্রায় ১৫ হাজার ১০০ কোটি টাকায়, যা বর্তমান বরাদ্দের তুলনায় প্রায় ৫১ শতাংশ বেশি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## রাশিয়ার হয়ে যুদ্ধে প্রাণ গেল সুরুজের, পরিবারে মাতম

একটু উন্নত জীবিকার সন্ধানে রাশিয়ায় গিয়েছিলেন মাদারীপুর সদর উপজেলার দক্ষিণ খাগড়াছড়া এলাকার বাসিন্দা সুরুজ কাজী (৩২)। পরে তিনি রাশিয়ার সেনাবাহিনীর সঙ্গে যুক্ত হয়ে ইউক্রেন যুদ্ধে অংশ নেন। অবশেষে যুদ্ধক্ষেত্রেই নিহত হয়েছেন তিনি। তিনদিন আগে মারা গেলেও বৃহস্পতিবার (২১ মে) দুপুরে বিষয়টি জানতে পারে তার পরিবার। নিহত সুরুজ কাজী মাদারীপুর সদর উপজেলার দক্ষিণ খাগড়াছড়া এলাকার শাহাবুদ্দিন কাজীর ছেলে। পারিবারিক সূত্রে জানা গেছে, কয়েক বছর আগে পরিবারের আর্থিক সংকট দূর করতে রাশিয়ায় যান সুরুজ কাজী। সেখানে বিভিন্ন কাজ করার পর এক পর্যায়ে রাশিয়ার সেনাবাহিনীর সঙ্গে যুক্ত হন। যুদ্ধে তিনদিন আগে মারা গেলেও, বৃহস্পতিবার দুপুরে রাশিয়ায় থাকা পরিচিত একজনের মাধ্যমে খবর পায় তার পরিবার। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## শনিবার প্রাথমিক বিদ্যালয় খোলা রাখা নিয়ে নতুন নির্দেশনা জারি

ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন অবকাশের ছুটি শুরুর আগে শনিবার (২৩ মে) সরকারি প্রাথমিক বিদ্যালয় খোলা নাকি বন্ধ থাকবে, তা নিয়ে সিদ্ধান্ত নিতে লেজে-গোবরে অবস্থায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। দিনভর অধিদপ্তরে এ নিয়ে আলোচনার পর সিদ্ধান্ত নিতে না পেরে বিকেলে তা মন্ত্রণালয়ের ওপর ছেড়ে দেওয়া হয়। পরে মন্ত্রণালয়ের নির্দেশনায় শনিবার খোলা নাকি বন্ধ থাকবে, তা নিয়ে আদেশ জারি করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। অধিদপ্তরের সাধারণ প্রশাসন বিভাগের সহকারী পরিচালক সাজ্জাদ হোসেনের সই করা আদেশে বলা হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার গত ১৪ মের প্রজ্ঞাপন এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২১ মে তারিখের স্মারক মোতাবেক ঈদুল আজহা উপলক্ষ্যে দেশব্যাপী সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস আগামী ২৫ মে সোমবার থেকে ৩১ মে রোববার পর্যন্ত বন্ধ থাকবে। আগামী ২৩ মে শনিবার ও ২৪ মে রোববার অফিসসমূহ খোলা থাকবে। এ প্রজ্ঞাপনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ঢাকা ও গাজীপুরে বিজিবি মোতায়েন

আসন্ন ঈদুল আজহা উদ্‌যাপনে আইন-শৃঙ্খলা রক্ষা, যানজট নিয়ন্ত্রণ ও ঈদযাত্রা নির্বিঘ্ন করতে রাজধানী ও আশপাশের বিভিন্ন স্থানে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করা হয়েছে। বৃহস্পতিবার (২১ মে) বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, আসন্ন পবিত্র ঈদুল আজহা উদ্‌যাপন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, যানজট নিয়ন্ত্রণ এবং জনসাধারণের নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করতে রাজধানীর নিউমার্কেট, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, সাভারের নবীনগর ও বাইপাইল, গাজীপুর সিটি করপোরেশন ও গাজীপুর চৌরাস্তা এলাকায় বিজিবি মোতায়েন করা হয়েছে। শরীফুল ইসলাম আরও বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষ্যে জনসাধারণের নিরাপদ ও নির্বিঘ্ন ঈদযাত্রা নিশ্চিত করতে এবং সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় গুরুত্বপূর্ণ টোল প্লাজা, মহাসড়ক ও যানজটপ্রবণ এলাকায় নির্বাহী ম্যাজিস্ট্রেটদের পরিচালিত ভ্রাম্যমাণ আদালত কার্যক্রমে সহায়তা দিতে ঈদের সাতদিন আগে থেকে ঈদের পরবর্তী তিনদিন পর্যন্ত বিজিবি সদস্যরা দায়িত্ব পালন করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## রামিসা হত্যার দ্রুত বিচার দাবি ফুলকুঁড়ি আসরের

রাজধানীর পল্লবীতে সাত বছরের শিশু রামিসা আক্তারকে নৃশংস হত্যার প্রতিবাদে এবং অপরাধীদের দ্রুত বিচারের দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন করেছে জাতীয় শিশু-কিশোর সংগঠন, 'ফুলকুঁড়ি আসর'। মানববন্ধন থেকে শিশুদের নিরাপত্তা নিশ্চিতকরণের দাবি জানানো হয়। বৃহস্পতিবার (২১ মে) বিকেলে অনুষ্ঠিত এই মানববন্ধনে সংগঠনের কেন্দ্রীয় সংগঠক, বিশিষ্ট শিশু সংগঠক, অভিভাবক এবং কয়েকশ শিশু-কিশোর ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড হাতে অংশ নেয়। মানববন্ধনে এই নৃশংস হত্যাকাণ্ডের দৃষ্টান্তমূলক বিচার ও শাস্তি দাবি করা হয়। শিশুদের প্রতি সহিংসতা বন্ধে সরকারকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ারও আহ্বান জানানো হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## রামিসা হত্যার 'রহস্য' জানাতে ডাকা সংবাদ সম্মেলন বাতিল করলো ডিএমপি

পল্লবীতে চাঞ্চল্যকর রামিসা হত্যাকাণ্ডের আসামি গ্রেফতার ও ঘটনার রহস্য উদ্ঘাটনের দাবি জানিয়ে সংবাদ সম্মেলনের ঘোষণা দিয়েছিল ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। ডিএমপি জানায়, বৃহস্পতিবার (২১ মে) রাত ৮টা ১৫ মিনিটে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে তাদের মিডিয়া সেন্টারে। তবে সেই পূর্বঘোষিত ব্রিফিংটি ঘোষণার প্রায় ৩ ঘণ্টা পরে শেষ মুহূর্তে অনিবার্য কারণ দেখিয়ে বাতিল করেছে ডিএমপি। বৃহস্পতিবার (২১ মে) বিকেলে ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এক বার্তায় বিষয়টি নিশ্চিত করেন। বৃহস্পতিবার দুপুর ২টা ১৭ মিনিটে ডিএমপি এক বার্তায় জানায়, আজ রাত ৮টা ১৫ মিনিটে ডিএমপির মিডিয়া সেন্টারে এ ব্রিফ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। এতে ব্রিফ করার কথা ছিল ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস) এস এম মো. নজরুল ইসলামের। ডিএমপির পক্ষ থেকে পাঠানো আগের বার্তায় জানানো হয়েছিল, পল্লবীর চাঞ্চল্যকর রামিসা হত্যাকাণ্ডের আসামি গ্রেফতার এবং ঘটনার রহস্য উদ্ঘাটন সংক্রান্ত তথ্য তুলে ধরা হবে। এজন্য গণমাধ্যম প্রতিনিধিদের উপস্থিত থাকার অনুরোধও জানানো হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## আমসহ কৃষিপণ্য রপ্তানির সব বাধা দূর করা হবে : কৃষিমন্ত্রী

আমসহ কৃষিপণ্য রপ্তানির সব বাধা দূর করা হবে বলে আশ্বাস দিয়েছেন, কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। বৃহস্পতিবার (২১ মে) রাজধানীর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) মিলনায়তনে আম রপ্তানির উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। রপ্তানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের উদ্যোগে অনুষ্ঠানের আয়োজন করা হয়। মোহাম্মদ আমিন উর রশিদ বলেন, বাংলাদেশের কৃষিখাত দেশের অর্থনীতির অন্যতম সম্ভাবনাময় খাত। কৃষিপণ্য রপ্তানির মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনের বিশাল সুযোগ রয়েছে। তিনি বলেন, বাংলাদেশ কৃষিপণ্য উৎপাদনের জন্য বিশ্বের অন্যতম উপযোগী দেশ হলেও নীতিগত ও আইনগত কিছু জটিলতার কারণে এ খাত এখনো প্রত্যাশিত পর্যায়ে পৌঁছাতে পারেনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## লক্ষ্যমাত্রার চেয়েও ৪ শতাংশ বেশি হামের টিকা কভারেজ : স্বাস্থ্যমন্ত্রী

দেশে হামের প্রাদুর্ভাব মোকাবিলায় লক্ষ্যমাত্রার চেয়েও ৪ শতাংশ বেশি টিকা কভারেজ সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বৃহস্পতিবার (২১ মে) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত 'দেশব্যাপী হামের প্রাদুর্ভাব : চিকিৎসক, স্বাস্থ্যকর্মীদের করণীয় এবং জনসচেতনতা' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ তথ্য জানান তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, হাম প্রতিরোধে অগ্রাধিকারের ভিত্তিতে টিকাদান কর্মসূচি পরিচালনা করা হচ্ছে। প্রতিটি শিশুকে টিকার আওতায় আনতে স্বাস্থ্যকর্মীদের ঈদের ছুটি পর্যন্ত বাতিল করা হয়েছে। যারা এখনো টিকার বাইরে রয়েছে, তাদের খুঁজে বের করে টিকা দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে। বিগত সরকারের সমালোচনা করে মন্ত্রী বলেন, "আওয়ামী লীগ সরকারের আমলে ২০২০ সালের পর কোনো ধরনের টিকা কার্যক্রম অনুষ্ঠিত হয়নি। তারা ক্ষমতায় থাকাকালীন এমআর (হাম-রুবেলা)-এর কোনো টিকা কার্যক্রম গ্রহণ করেনি।" (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## হামে আক্রান্ত দুই শিশুর চিকিৎসার দায়িত্ব নিলেন ঢাকার জেলা প্রশাসক

রাজধানীর শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে চিকিৎসাধীন দুই দরিদ্র ও অসহায় শিশুর চিকিৎসার দায়িত্ব নিয়েছেন ঢাকার জেলা প্রশাসক (ডিসি) ফরিদা খানম। একইসঙ্গে জেলা প্রশাসনের পক্ষ থেকে তাৎক্ষণিক চিকিৎসার জন্য নগদ অর্থ সহায়তাও দেওয়া হয়। বৃহস্পতিবার (২১ মে) সকালে রাজধানীর শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের হামে আক্রান্ত শিশুদের চিকিৎসা পরিস্থিতি পরিদর্শন শেষে তিনি এই উদ্যোগ নেন। হাসপাতাল সূত্রে জানা যায়, আইসিইউতে চিকিৎসাধীন সাত মাস বয়সি শিশু তাজিমের বাবা আসলাম একজন শারীরিক প্রতিবন্ধী। ভ্যান চালিয়ে জীবিকা নির্বাহ করা আসলামের পক্ষে সন্তানের আইসিইউর ব্যয়বহুল চিকিৎসা চালানো অসম্ভব হয়ে পড়েছিল। এই অসহায় বাবার কষ্টের খবর গণমাধ্যমে প্রকাশিত হলে তা ঢাকার জেলা প্রশাসক ফরিদা খানমের নজরে আসে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## বনশ্রীতে মাদ্রাসা ছাত্রের মৃত্যু, ৫ দিনের রিমান্ডে আরেক ছাত্র

রাজধানীর রামপুরার বনশ্রী এলাকায় মাদ্রাসা ছাত্র আব্দুল্লাহর (১০) রহস্যজনক মৃত্যুর ঘটনায় গ্রেফতার শিহাব হোসেনকে ৫ দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত। ঘটনার প্রকৃত কারণ, সম্ভাব্য সংশ্লিষ্টতা এবং পেছনের বিস্তারিত তথ্য উদ্ঘাটনের জন্য এ রিমান্ড মঞ্জুর করা হয়। বৃহস্পতিবার (২১ মে) ঢাকার আদালতে তাকে হাজির করে ৭ দিনের রিমান্ড আবেদন করেন তদন্ত কর্মকর্তা। শুনানি শেষে আদালত ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন বলে জানিয়েছেন ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদোহা সুমন। তিনি বলেন, ঘটনার পূর্ণ চিত্র উদ্ঘাটন, সম্ভাব্য আরও জড়িতদের শনাক্ত এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহের জন্য আসামিকে বিস্তারিত জিজ্ঞাসাবাদের প্রয়োজনীয়তা রয়েছে- এই যুক্তিতেই রিমান্ড আবেদন করা হয়। পুলিশ জানায়, ১৯ মে সন্ধ্যায় বনশ্রী এলাকার একটি আবাসিক মাদ্রাসা থেকে আব্দুল্লাহর ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় রামপুরা থানায় মামলার পর তদন্তের

অংশ হিসেবে শিহাব হোসেনকে গ্রেফতার করা হয়। মামলায় দণ্ডবিধির আত্মহত্যায় প্ররোচনা এবং নারী ও শিশু নির্যাতন দমন আইনের সংশ্লিষ্ট ধারায় অভিযোগ আনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৫.২০২৬ রিহাব)

## মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭০.৭৩ শতাংশ

বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের পর অনুষ্ঠিত ৭টি মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭০ দশমিক ৭৩ শতাংশ। ১৭ ফেব্রুয়ারি থেকে ৩০ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকগুলোর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে এ তথ্য তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি বৃহস্পতিবার (২১ মে) মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সচিবালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ বিভাগের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। একইসঙ্গে, জাপানের সঙ্গে প্রতিরক্ষা প্রযুক্তি চুক্তি অনুসমর্থনের প্রস্তাব, ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়েন্সে (আইবিসিএ) যোগদান এবং নিরাপদ অভিবাসন নিশ্চিতে জিসিএম-ন্যাপ (২০২৬-২০৩০) অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। মন্ত্রিসভা বৈঠকে জাপান সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত 'ট্রান্সফার অব ডিফেন্স ইকুইপমেন্ট অ্যান্ড টেকনোলজি' শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত প্রস্তাব উত্থাপন করে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রিহাব)

## কালশীতে উদ্ধার করা হলো হাজার কোটি টাকার সরকারি জমি

রাজধানীর মিরপুরের কালশীতে প্রায় ১৩ একর সরকারি জমি উদ্ধার করেছে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ। দখলমুক্ত করা এই জমির বাজারমূল্য প্রায় এক হাজার কোটি টাকা। গতকাল বুধবার (২০ মে) ও আজ বৃহস্পতিবার (২১ মে) উচ্ছেদ অভিযান পরিচালনা করে ওই জমি উদ্ধার করা হয়। মিরপুর-১১ নম্বর সেকশন সংলগ্ন কালশী রোডের পাশের বাউনিয়া বাঁধ মৌজায় দীর্ঘদিন ধরে ওই জমি অবৈধ দখলে ছিল। গৃহায়ন কর্তৃপক্ষ জানিয়েছে, দীর্ঘ কয়েক দশক ধরে এই জমি বিভিন্ন প্রভাবশালী ব্যক্তি ও সংঘবদ্ধ গোষ্ঠীর অবৈধ দখলে ছিল। ফলে সরকারি সম্পদের সুষ্ঠু ব্যবহার ও পরিকল্পিত উন্নয়ন কার্যক্রম দীর্ঘকাল বাধাগ্রস্ত হয়ে আসছিল। স্থানীয় প্রশাসন, পুলিশ বাহিনী এবং সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সক্রিয় সহযোগিতায় গত দু-দিনে সমন্বিত উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অস্থায়ী ছাপরা ঘর, টং দোকান, আধাপাকা টিনশেড বাড়ি এবং দ্বিতল পাকা ভবনসহ আনুমানিক ১৮০-২০০টি অবৈধ স্থাপনা সম্পূর্ণরূপে উচ্ছেদ করা হয়েছে। যদিও বুধবার ওই জমি উদ্ধার করতে গিয়ে অবৈধ দখলদারদের বাধার সম্মুখীন হয়েছিল কর্তৃপক্ষ। এ সময় পুলিশ সদস্যদের ওপরও হামলা করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে চার বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ, অভিযুক্ত শনাক্ত

চট্টগ্রাম নগরের বাকলিয়া থানার ১৯ নম্বর ওয়ার্ডের চেয়ারম্যানঘাটা এলাকায় চার বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয়রা অভিযুক্ত একজনকে আটক করে রেখেছেন বলে জানা গেছে। বৃহস্পতিবার (২১ মে) বিকেলে এ ঘটনা ঘটে। পরে শিশুটিকে উদ্ধার করে চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ। বাকলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সোলাইমান বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে কাজ করছে এবং শিশুটিকে হাসপাতালে পাঠানো হয়েছে। তিনি বলেন, অভিযুক্ত ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে এবং এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রিহাব)

## হাম রোগীদের জন্য আইসোলেশন ইউনিট ও ১০০ টাকায় অ্যাম্বুলেন্স সেবা চালু

সাম্প্রতিক সময়ে হাম রোগের প্রাদুর্ভাব আশঙ্কাজনকভাবে বেড়ে যাওয়ায়, নগরবাসীর চিকিৎসাসেবা নিশ্চিত করতে বিশেষ উদ্যোগ নিয়েছে ধানমন্ডির 'গণস্বাস্থ্য নগর হাসপাতাল'। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের বাসিন্দাদের জন্য হাসপাতালে একটি বিশেষ 'আইসোলেশন ইউনিট' চালু করা হয়েছে। বৃহস্পতিবার (২১ মে) গণস্বাস্থ্য নগর হাসপাতালের পরিচালক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ঢাকা সিটি করপোরেশন এলাকার ভেতরে যে-কোনো হাম রোগীকে হাসপাতালে আনা-নেওয়ার জন্য বিশেষ অ্যাম্বুলেন্স সেবা চালু করা হয়েছে। এ জরুরি সেবাটি পেতে নগরবাসীকে অ্যাম্বুলেন্স ফি হিসেবে দিতে হবে মাত্র ১০০ টাকা। জরুরি চিকিৎসা ও অ্যাম্বুলেন্স সেবার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ দুটি যোগাযোগের নম্বর প্রকাশ করেছে। নম্বরগুলো হলো- হাসপাতাল : ০১৯৫৮২৭৭৮০০ এবং আল-আমিন (অ্যাম্বুলেন্স চালক) : ০১৩১৭৮৩৪৭৫৬।
(জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রিহাব)

## শিশু রামিসার পরিবারের পক্ষে লড়বেন শিশির মনির

রাজধানীর পল্লবীতে ৭ বছরের শিশু রামিসাকে ধর্ষণ ও গলা কেটে হত্যার ঘটনায় পরিবারের পক্ষে আইনি লড়াইয়ের ঘোষণা দিয়েছেন, জামায়াতে ইসলামীর কর্মপরিষদ সদস্য ও সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মুহাম্মদ শিশির মনির। বৃহস্পতিবার (২১ মে) রাতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে এক পোস্টে তিনি এমনটা জানিয়েছেন। পোস্টে শিশির মনির লেখেন, "শিশু রামিসা ধর্ষণ ও হত্যা মামলায় পরিবারের পক্ষে আইনজীবী হিসেবে দায়িত্ব পালন করব ইনশাল্লাহ।" (জাগো নিউজ ওয়েব পেজ: ২১.০৫.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## ধর্ষণ, শিশু নির্যাতন ও হত্যার ঘটনাগুলো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয় : মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সাম্প্রতিক ধর্ষণ, শিশু নির্যাতন ও হত্যার ঘটনাগুলো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, বরং বহু বছর ধরে চলতে থাকা নৈতিক অবক্ষয়, সামাজিক দায়িত্বহীনতা এবং মানবিক মূল্যবোধের দ্রুত পতনের ভয়াবহ প্রতিফলন। বৃহস্পতিবার সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দেওয়া এক বার্তায় এ মন্তব্য করেন তিনি। মির্জা ফখরুল বলেন, আমরা অঙ্গীকারবদ্ধ, এই অমানবিক অপরাধের বিরুদ্ধে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাবো এবং একটি নিরাপদ বাংলাদেশ গড়ে তুলতে কাজ করবো, যেখানে আমাদের সন্তানরা ভয়হীনভাবে বেড়ে উঠতে পারবে। তিনি আরও বলেন, কিন্তু শুধু আইন বা সরকারের উদ্যোগ যথেষ্ট নয়। প্রয়োজন একটি শক্তিশালী জাতীয় সামাজিক আন্দোলন। মন্ত্রী বলেন, পরিবার, বিদ্যালয়, মাদ্রাসা, শিক্ষক, ধর্মীয় নেতা, গণমাধ্যম, সামাজিক সংগঠন এবং প্রতিটি নাগরিককে এগিয়ে আসতে হবে। আমাদের ছেলে-মেয়েদের সম্মান, মানবিকতা, দায়িত্ববোধ ও নারীর মর্যাদা সম্পর্কে শিক্ষা দিতে হবে। তিনি আহ্বান জানিয়ে আরও বলেন, আমাদের শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা মানে বাংলাদেশের ভবিষ্যৎকে নিরাপদ করা। আসুন, পরিবর্তনের এই সংগ্রামে সবাই একসঙ্গে শামিল হই।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৫.২০২৬ আসাদ)

**আমরা শেখ হাসিনাকে আইনিভাবে ফেরত চাই : স্বরাষ্ট্রমন্ত্রী**

দেশে শান্তি আনতে সরকার সর্বোচ্চ চেষ্টা করছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, দীর্ঘদিন আইনের চোখে ধুলো দিয়ে যারা পালিয়ে ছিল, তাদেরকে আমরা গ্রেফতার করেছি। বৃহস্পতিবার সচিবালয়ে গণমাধ্যমকে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। শিশু রামিসা আক্তার হত্যাকাণ্ড প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ১৬৪ ধারায় অপরাধী দোষ স্বীকার করায় এই মামলার চার্জশিট দিতে খুব সময় লাগবে না। সালাহউদ্দিন আহমদ বলেন, আমরা শেখ হাসিনাকে ফেরত চাই, আইনিভাবে চাই। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ভারতের সাথে যোগাযোগ হচ্ছে, তাকে ফিরিয়ে আনার জন্য। সে যদি নিজে বলে ফিরে আসবে, সেটাতো ভালো। আমরা চাই, তিনি এসে মামলার মুখোমুখি হোন। তিনি আরও বলেন, শেখ হাসিনার বক্তব্য প্রচার না করতে যদি আদালতের নিষেধাজ্ঞা থাকে, তাহলে গণমাধ্যমের উচিত সেটা মান্য করা। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৫.২০২৬ আসাদ)

**গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতে বদ্ধপরিকর সরকার : তথ্যমন্ত্রী**

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বর্তমান সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে বদ্ধপরিকর। এ লক্ষ্যে সরকার ইতোমধ্যে 'গণমাধ্যম কমিশন' গঠনের কাজ শুরু করেছে। বৃহস্পতিবার সকালে সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রীর অফিস কক্ষে তার সঙ্গে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক সৌজন্য সাক্ষাৎ করতে গেলে মন্ত্রী এ কথা বলেন। এ সময় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী উপস্থিত ছিলেন। সাক্ষাতের শুরুতে যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক তথ্য ও সম্প্রচার মন্ত্রীর দায়িত্ব গ্রহণের জন্য জহির উদ্দিন স্বপনকে অভিনন্দন জানান। সাক্ষাতে তথ্যমন্ত্রী গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে সরকারের সুদৃঢ় অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেন। তিনি যুক্তরাজ্যের গণমাধ্যম সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্য অফিস অব কমিউনিকেশনস-এর অভিজ্ঞতাকে কাজে লাগানোর আগ্রহ প্রকাশ করেন। মন্ত্রী বলেন, "অফকম-এর অভিজ্ঞতা বাংলাদেশে গণমাধ্যম খাতে নীতি নির্ধারণে কাজে লাগানো যেতে পারে।" যুক্তরাজ্যের হাইকমিশনার এ বিষয়ে তথ্যমন্ত্রীকে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন এবং অফকম-এর সামগ্রিক কার্যক্রম সম্পর্কে মন্ত্রীকে অবহিত করেন। তথ্যমন্ত্রীর সঙ্গে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূতের সাক্ষাৎ। এদিকে, সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেটো রেঙ্গলিও তথ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। সাক্ষাতে তথ্যমন্ত্রীকে নতুন দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান তিনি। এ সময় তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেন, "সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতে বদ্ধপরিকর। একইসঙ্গে দেশের জনগণকে ভুল তথ্য ও অপতথ্য থেকে সুরক্ষা দিতে চায়। এ চ্যালেঞ্জ মোকাবিলায় তিনি সুইজারল্যান্ডের আধুনিক অভিজ্ঞতা ও প্রযুক্তিগত সহায়তার ওপর গুরুত্বারোপ করেন। তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেন, "কৃত্রিম বুদ্ধিমত্তা বর্তমান বিশ্বে যেমন নতুন সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে, ঠিক তেমনি এটি তথ্য যাচাই ও নিরাপত্তার ক্ষেত্রে একটি বড়ো বৈশ্বিক চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড় করিয়ে দিয়েছে।" তিনি এই চ্যালেঞ্জ মোকাবিলায় সবাইকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান। একইসঙ্গে, প্রতিমন্ত্রী বাংলাদেশে প্রযুক্তিসহ বিভিন্ন সম্ভাবনাময় খাতে বিনিয়োগের জন্য সুইস রাষ্ট্রদূতের প্রতি আহ্বান জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৫.২০২৬ আসাদ)

**শিক্ষার্থীদের স্বদেশ প্রেম চর্চার পাশাপাশি ইতিহাস জানা জরুরি : তথ্যমন্ত্রী**

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের মধ্যে কেবল স্বদেশ প্রেমের চর্চা করলেই হবে না, এর পাশাপাশি ইতিহাসের রাজনৈতিক ও সামাজিক জটিল গতিধারা সম্পর্কেও স্পষ্ট ধারণা থাকা জরুরি। তিনি বলেন, ইতিহাস ও রাজনীতির এই প্রেক্ষাপটকে জানতে পারলে যে-কোনো সৃষ্টিশীল কাজের প্রকৃত মূল্যায়ন করা সম্ভব। বৃহস্পতিবার বিকেলে বাংলা অ্যাকাডেমির কবি শামসুর রাহমান মিলনায়তনে বিশিষ্ট কণ্ঠশিল্পী ও গবেষক ড. অণিমা রায়ের প্রথম গ্রন্থ 'পঞ্চগীতি কবির গানে স্বদেশ চেতনা'-এর প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলা একাডেমি থেকে প্রকাশিত এই বইটির প্রকাশনা অনুষ্ঠানের আয়োজন করে 'সুরবিহার'। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আলী নেওয়াজ মাহমুদ খৈয়ম। তথ্যমন্ত্রী জহির উদ্দিন স্বপন ইতিহাসের জটিল গতিপ্রকৃতির উদাহরণ টেনে বলেন, 'আমাদের

ইতিহাসে ১৯০৫ সালের বঙ্গভঙ্গকে আমরা দুইভাবে দেখি। একসময় মনে হয়েছিল অবিভক্ত বাংলা থাকলেই ভালো হতো। কিন্তু ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধের সময় এই অঞ্চলের মানুষ যখন স্বাধিকার আন্দোলনে ঝাঁপিয়ে পড়ল, তখন প্রমাণিত হলো এই ভূখণ্ডটি আলাদা হওয়াই সঠিক ছিল।" তিনি বলেন, "সবচেয়ে আশ্চর্যের বিষয় হলো ১৯০৫ সালের বঙ্গভঙ্গের সময়কার যে গানগুলো রচিত হয়েছিল, সেই গানগুলোই আবার ১৯৭১ সালে আমাদের মুক্তি সংগ্রামের মূল প্রেরণা ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গানে পরিণত হয়েছিল।" তথ্যমন্ত্রী বলেন, বর্তমান শিক্ষার্থীদের স্বদেশ প্রেম চর্চা করার সময় ইতিহাসের এই রাজনৈতিক জটিল আবর্তন ও পটপরিবর্তনগুলোও শিক্ষণীয় হিসেবে ধরিয়ে দেওয়া দরকার। বিখ্যাত সাহিত্যিক কাহলিল জিবরানের 'দ্য প্রফেট' গ্রন্থের কবিতার উদ্ধৃতি দিয়ে মন্ত্রী বলেন, "প্রেম বা অনুভূতির একটি শাশ্বত সংজ্ঞা রয়েছে। সেটি স্বদেশ প্রেম, মানব প্রেম, প্রকৃতি প্রেম কিংবা ঈশ্বরের প্রতি প্রেম- যাই হোক না কেন, প্রেম মূলত নিজেকে ছাড়া আর কাউকেই চেনে না।" তিনি বলেন, "সাধারণ শ্রোতারা অনেক সময় গানের রোমান্টিকতা ও প্রকৃতি প্রেমকে আলাদা করে দ্বিধায় পড়ে যান, কিন্তু সব প্রেমের মূল সুর এক ও অভিন্ন।" (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৫.২০২৬ আসাদ)

## ঈদে মেট্রোরেল চলাচলের নতুন সূচি

আসন্ন ঈদুল আজহা উপলক্ষ্যে সরকারি ছুটির সময় রাজধানীবাসীর যাতায়াত সহজ করতে বিশেষ সময়সূচি ঘোষণা করেছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড। নতুন সূচি অনুযায়ী, ছুটির দিনগুলোতে উত্তরা উত্তর থেকে মতিঝিল এবং মতিঝিল থেকে উত্তরা উত্তর রুটে মেট্রোরেল চলাচল করবে। তবে ঈদের দিন মেট্রোরেল সম্পূর্ণ বন্ধ থাকবে। বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় ডিএমটিসিএল। ঘোষিত সূচি অনুযায়ী, উত্তরা উত্তর স্টেশন থেকে মতিঝিলগামী প্রথম ট্রেন ছাড়বে সকাল ৬টা ৩০ মিনিটে এবং শেষ ট্রেন রাত ৯টায়। অন্যদিকে, মতিঝিল থেকে উত্তরা উত্তরগামী প্রথম ট্রেন সকাল ৭টা ১৫ মিনিটে যাত্রা শুরু করবে, আর শেষ ট্রেন ছাড়বে রাত ১০টা ১০ মিনিটে। ডিএমটিসিএল জানিয়েছে, ছুটির সময় যাত্রীর চাপ বিবেচনায় ট্রেন চলাচলের ব্যবধান বা হেডওয়ে নির্ধারণ করা হয়েছে ২০ মিনিট, ১৫ মিনিট এবং সাড়ে ১২ মিনিট। বিশেষ করে, দুপুর ১২টা থেকে রাত ৯টা পর্যন্ত পর্যায়ক্রমে ১৫ মিনিট পরপর ট্রেন চলবে। এ সময় প্রতিদিন প্রায় ১৪০টি ট্রেনসেট ব্যবহার করে ৭টি লাইনে যাত্রী পরিবহণের পরিকল্পনা নেওয়া হয়েছে বলেও জানিয়েছে সংস্থাটি। টিকিট বিক্রির ক্ষেত্রেও বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। সকাল ৬টা ৪০ মিনিট থেকে রাত ৯টা ৫ মিনিট পর্যন্ত স্টেশনগুলোতে সিংগেল জার্নি টিকিট কেনা যাবে। একই সময়ে এমআরটি পাস ও র‍্যাপিড পাসে টপআপ সুবিধাও চালু থাকবে। এ ছাড়া, মতিঝিল স্টেশন থেকে শেষ ট্রেন ছাড়ার ১৫ মিনিট আগ পর্যন্ত সিংগেল জার্নি টিকিট বিক্রি করা হবে। রাত ৯টা ২০ মিনিটের পর সব স্টেশনের টিকিট কাউন্টার ও টিকিট ভেন্ডিং মেশিন বন্ধ হয়ে যাবে। তবে, যাত্রীদের কাছে আগে থেকেই এমআরটি বা র‍্যাপিড পাস থাকলে, তারা নির্ধারিত সময়সূচি অনুযায়ী সহজেই প্ল্যাটফর্মে প্রবেশ করে যাত্রা করতে পারবেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৫.২০২৬ আসাদ)

## শাহজালালের থার্ড টার্মিনালের গ্রাউন্ড হ্যান্ডলিংয়ে আগ্রহ আমিরাতের

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের গ্রাউন্ড হ্যান্ডলিং কার্যক্রম পরিচালনায় আগ্রহ প্রকাশ করেছে সংযুক্ত আরব আমিরাতভিত্তিক প্রতিষ্ঠান ডিনাটা। বৃহস্পতিবার সকালে সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রী আফরোজা খানম এবং প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আব্দুল্লাহ আলি আবদুল্লাহ আল আমৌদি। বৈঠকে বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যকার দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি, দেশের বিমান ও পর্যটন খাতের উন্নয়ন নিয়েও বিস্তারিত আলোচনা হয়। আলোচনার এক পর্যায়ে রাষ্ট্রদূত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের গ্রাউন্ড হ্যান্ডলিং কার্যক্রমে ডিনাটার আগ্রহের বিষয়টি তুলে ধরেন। এর জবাবে প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত জানান, তৃতীয় টার্মিনাল চালুর প্রস্তুতিমূলক কার্যক্রম দ্রুত এগিয়ে চলছে। টার্মিনালের পূর্ণাঙ্গ কার্যক্রম শুরু হওয়ার পর সরকার এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেবে এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে অবহিত করবে। মন্ত্রী আফরোজা খানম বলেন, বিমানবন্দরে সেবার মান উন্নয়নে সরকার সব ধরনের প্রয়োজনীয় উদ্যোগ নিতে প্রস্তুত রয়েছে। এসময় সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত বাংলাদেশের বর্তমান সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৫.২০২৬ আসাদ)

# BBC

## US CHARGES CUBA'S RAUL CASTRO WITH MURDER OVER 1996 DOWNING OF TWO PLANES

The US has charged former Cuban leader Raul Castro with conspiracy to kill US nationals and other crimes over the 1996 downing of two planes between Cuba and Florida. The case unveiled on Wednesday accuses Castro and five others in the shooting down of the aircraft belonging to Cuban-American group Brothers to the Rescue and killing four people, including three Americans. Castro, now 94, was then head of the country's armed forces and

faced international condemnation over the crash. As the US seeks to exert increasing pressure on Cuba's communist rule, President Miguel Diaz-Canel called the charges "a political manoeuvre, devoid of any legal foundation". Speaking at Freedom Tower in Miami, Acting Attorney General Todd Blanche announced that the US would also charge Castro with destruction of aircraft, and four individual counts of murder over the deaths of Armando Alejandre Jr, Carlos Alberto Costa, Mario Manual de la Pena, and Pablo Morales.
(BBC News Web Page: 21/05/26, FARUK)

**DR CONGO CANCELS WORLD CUP TRAINING CAMP OVER EBOLA OUTBREAK**

The Democratic Republic of Congo has cancelled its pre-World Cup training camp in the capital, Kinshasa, because of an Ebola outbreak in the east of the country. Preparations have been moved to Belgium amid the upsurge, which is thought to have killed more than 130 people. The World Health Organization (WHO) has called the outbreak a "public health emergency of international concern", but said it was not at pandemic level. Jerry Kalemo, a spokesperson for the national football team, told international media that pre-tournament games in Europe would go ahead as planned, as the squad gears up for their first World Cup since 1974. DR Congo are due to play friendly matches against Denmark, on 3 June in Belgium, and Chile, on 9 June in Spain, ahead of the World Cup finals. They play their first match of the tournament in the US city of Houston on 17 June against Portugal.
(BBC News Web Page: 21/05/26, FARUK)

**SIERRA LEONE BECOMES LATEST AFRICAN COUNTRY TO RECEIVE DEPORTEES FROM US**

Sierra Leone has become the latest African country to receive migrants deported from the United States amid Donald Trump's crackdown on illegal immigration. A plane carrying nine West African migrants landed at Sierra Leone's international airport, just outside the capital, Freetown, on Wednesday morning. Last week, Foreign Minister Timothy Musa Kabba told the Reuters news agency his country had agreed to accept up to 300 people a year expelled by the United States. However, he added that the new arrivals must originally come from member states of Ecowas, west Africa's economic bloc. The US has already sent deportees to several other African countries, including the Democratic Republic of Congo, Ghana and South Sudan. Dozens of migrants have been flown to third countries - ie nations that the deportees had not lived in prior to arriving in the US - since President Donald Trump came to power in January last year. (BBC News Web Page: 21/05/26, FARUK)

**CHINA SAYS US SHOULD STOP 'THREATS' AGAINST CUBA AFTER EX-LEADER CHARGED**

China has called on the US to stop using "coercion" and "threats" against its ally Cuba, after Washington indicted former leader Raul Castro on murder charges. An American court has accused the 94-year-old former president of conspiracy to kill US nationals over the 1996 downing of two planes, an incident which killed four people and fuelled diplomatic tensions between Washington and the Caribbean island. US President Donald Trump has repeatedly sought to exert pressure on Cuba and has openly discussed toppling its communist regime. On Thursday, Chinese foreign ministry spokesman Guo Jiakun said the US should "stop threatening force at every turn", and that Beijing "firmly supports Cuba."
(BBC News Web Page: 21/05/26, FARUK)

**DOZENS OF VEHICLES BURNT AS MALI JIHADISTS ENFORCE BLOCKADE**

Dozens of vehicles, including fuel tankers, minibuses and trucks, have been set on fire near Mali's capital, Bamako, as jihadists step up a blockade of the city, the BBC has confirmed. Videos filmed from passing vehicles and verified by the BBC show the charred remains of the vehicles from on a road about 45km west of Bamako. There are no reports of casualties - those on board were said to have been asked to get out before the vehicles were burnt. Jama'at Nusrat al-Islam wal-Muslimin (JNIM), a jihadist group affiliated to al-Qaeda, imposed a fuel blockade on Bamako last year, which it tightened after attacking the city last month. Mali is a landlocked country and depends heavily on fuel transported from neighbouring coastal countries like Senegal and Ivory Coast. The militants have kidnapped drivers and burnt more than 100 fuel trucks on major highways in the country since last year, but some have made it to Bamako under military escort. (BBC News Web Page: 21/05/26, FARUK)

**FAR-RIGHT ISRAELI MINISTER CONDEMNED FOR TAUNTING HANDCUFFED GAZA FLOTILLA ACTIVISTS**

There has been international condemnation of Israel's treatment of Pro-Palestinian activists who were on board a Gaza-bound aid flotilla intercepted by Israeli naval forces. The US, the UK, France, Italy and Canada were among the countries which expressed outrage after far-right National Security Minister Itamar Ben-Gvir posted a video showing himself taunting activists kneeling with their hands tied behind their backs. His actions also drew rare criticism from Israeli Prime Minister Benjamin Netanyahu, who said they were "not in line with Israel's values". A rights group representing the detainees said they had been physically abused, resulting in "severe, widespread injuries".
(BBC News Web Page: 21/05/26, FARUK)

**GONORRHOEA AND SYPHILIS HIT RECORD LEVELS IN EUROPE**

Sexually transmitted infections (STIs) including gonorrhoea and syphilis have hit record levels in Europe, according to new data. The European Centre for Disease Prevention and Control (ECDC) said both diseases had reached their highest levels in over 10 years in 2024. Gonorrhoea hit 1,06,331 cases - a 303% increase since 2015 - while syphilis more than doubled in the same period to 45,557. The health agency said "widening gaps in testing and prevention" were partly behind the surge in transmission, and called for urgent action. "These infections can cause severe complications, such as chronic pain and infertility and, in the case of syphilis, problems with the heart or nervous system," said Bruno Ciancio, the head of the agency's Directly Transmitted and Vaccine-Preventable Diseases unit.
(BBC News Web Page: 21/05/26, FARUK)

**INDIA HAS A NEW POLITICAL SUPERSTAR - A COCKROACH**

Indian politics has acquired an unusual mascot: the cockroach. A statistical collective that takes inspiration from the insect - stubborn, reviled and considered indestructible - has attracted millions of online followers and mainstream media attention in less than a week, making even veteran politicians sit up and take notice. The cockroach was thrust into the spotlight last week after controversial comments made by India's Chief Justice Surya Kant. During a hearing, he allegedly compared unemployed young people drifting towards journalism and activism with cockroaches and parasites. He later clarified that he was referring specifically to people with "fake and bogus degrees", not India's youth more broadly. (BBC News Web Page: 21/05/26, FARUK)

**IRAN REVIEWS US PROPOSAL TO END WAR AS PAKISTAN STEPS UP MEDIATION EFFORTS**

Tehran says it is reviewing the latest responses from the United States to its proposal to end the nearly three-month US-Israel war on Iran as mediator Pakistan steps up efforts to achieve progress in the talks that US President Donald Trump has warned are on the "borderline" between a deal and renewed strikes. Ministry of Foreign Affairs spokesperson Esmail Baghaei said the late on Wednesday that the Iranians have "received US views and are reviewing them", according to the Iranian state agency Nour News. Six weeks after a ceasefire took effect, efforts to bring the war to a permanent end have intensified in recent days as Pakistan's military chief, Field Marshal Asim Munir, is to travel to Tehran on Thursday for "talks and consultations" with Iranian authorities, Iran's ISNA news agency reported. Pakistani Interior Minister Mohsin Naqvi arrived in Iran on Wednesday for his second visit in less than a week to discuss Washington's latest proposal. (BBC News Web Page: 21/05/26, FARUK)

**BOLIVIA'S PRESIDENT RESHUFFLES CABINET AMID ANTI-GOVERNMENT PROTESTS**

Bolivian President Rodrigo Paz has announced a cabinet reshuffle and other measures as protests demanding his resignation continue. Paz said the government wants to build a collaborative government with broader participation from social and economic groups. (BBC News Web Page: 21/05/26, FARUK)

**:: THE END ::**